Lecturer, Department of Islamic Studies, Leading University (E-mail: Zia1290@gmail.com)

সম্ভব হয় না। আর সম্ভব হলেও এর পেছনে বহু অর্থ, সময়ও দিতে হয়। তাই অসুস্থ হয়ে চিকিৎসা করার চেয়ে সুস্থ অবস্থায় স্বাস্থ্য রক্ষার জন্য স্বাস্থ্যবিধি পালন অতীব জরুরি। বিশ্বনবি মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একজন আদর্শ সমাজ সংস্কারক, আদর্শ সমরনায়ক,আদর্শ আইনবিদ হওয়ার পাশাপাশি ছিলেন একজন আদর্শ স্বাস্থ্যবিদ। সুস্বাস্থ্য গঠন ও তা সংরক্ষণের ব্যাপারে প্রিয়নবি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দেয়া স্বাস্থ্যনীতিই মানব দেহ ও মানব স্বাস্থ্যের যথার্থ গঠন, সংরক্ষণ ও তার অগ্রগতি সাধন করতে পারে। বর্তমান বৈশ্বিক মহামারিতেও ইসলাম নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলার বিকল্প নেই।

এ যাবত স্বাস্থ্য বিজ্ঞানীরা যেসব স্বাস্থ্যবিধি প্রণয়ন করেছেন তার কোনটাই ইসলাম নির্দেশিত স্বাস্থ্যবিধানের সাথে বিরোধপূর্ণ নয় বরং তারই ব্যাখ্যা ও বিশ্লেষণ। আলোচ্য প্রবন্ধে সংক্রামক ব্যাধি প্রতিরোধে ইসলামের নির্দেশনা উপস্থাপনপূর্বক বৈশ্বিক মহামারিতে আমাদের করণীয় নির্দেশ করা হবে।

**সংক্রামক ব্যাধির পরিচয়**

সংক্রামক শব্দটি বিশেষণ, এর আভিধানিক অর্থ সঞ্চারিত হয় এমন; ছোঁয়াচে, সংস্পর্শে উৎপন্ন। (আহমদ শরীফ, ২০০২, ৫৩৪)। পরিভাষায়, একজন রোগীর দেহ থেকে অন্য রোগীর দেহে যে রোগ ছড়িয়ে পড়ে তাই সংক্রামক রোগ। তা সাধারণত আক্রান্ত ব্যক্তির শ্বাস-প্রশ্বাস, রক্ত, মল-মূত্র,থুথু ইত্যাদির মাধ্যমে অন্যের দেহে ছড়ায়। যেমন: কলেরা, টাইফয়েড, আমাশয়, কৃমি, পোলিও, বসন্ত, কাশি, যক্ষ্মা, নিউমোনিয়া, ম্যালেরিয়া, ডেঙ্গুজ্বর, খোস-পাঁচড়া, কুষ্ঠ, এইডস, জলাতঙ্ক, ধনুষ্টংকার ইত্যাদি। (ডাঃ এ, এন, এ, হোসেন, ২০১৭, ৩১)।

আরবি প্রতিশব্দ عدوى (আদওয়া)। আল মুজামুল ওয়াসিত অভিধান গ্রন্থে বলা হয়েছে,

(الْعَدْوَى)انْتِقَال الدَّاء من الْمَرِيض بِهِ إِلَى الصَّحِيح بوساطة مَا

অর্থাৎ, 'আদওয়া হলো, কোনো কিছুর মাধ্যমে অসুস্থ ব্যক্তি থেকে রোগ ব্যাধি সুস্থ ব্যক্তির নিকট স্থানান্তরিত হওয়া।' (ইবরাহিম উনাইস, ২০০৭, ৫৮৯)।

**রোগ সংক্রামণের কারণ**

বিভিন্ন প্রকারের রোগজীবাণু মানুষের দেহে প্রতিনিয়ত প্রবেশ করছে। এছাড়া খাদ্যাভ্যাস, জীবন-যাপন প্রণালী, অবাধ যৌনাচার, বর্জ্য ত্যাগে অনাচার, অপরিচ্ছন্নতা, শিষ্টাচারের অভাব, রোগ জীবানুর কর্মক্ষমতা, পরিবেশের প্রভাব, স্বাস্থ্য সচেতনতার অভাব ইত্যাদি ছাড়াও বিভিন্ন কারণে রোগের সংক্রমণ ঘটে থাকে। নিম্নে রোগ সংক্রমণের কয়েকটি কারণ উল্লেখ করা হলো।

**(ক) চিকিৎসা বিজ্ঞানীদের অভিমত**

যুগে যুগে চিকিৎসা বিজ্ঞানের উৎকর্ষ সাধিত হচ্ছে। যার ধারাবাহিকতায় চিকিৎসা বিজ্ঞানীরা বিভিন্ন সময়ে রোগ সংক্রমণের বিভিন্ন কারণ দেখিয়েছেন এবং বিভিন্ন বিষয়কে দায়ী করেছেন। যেমন: ১. দৈহিক সম্পর্ক, ২. যৌন মিলন, ৩. শ্বাস-প্রশ্বাস, ৪. রক্ত, ৫. মলমূত্র, ৬. থুথু, ৭. পরিত্যক্ত খাদ্য, ৮. ব্যবহৃত দ্রব্য সামগ্রী, ৯. অপরিচ্ছন্নতা, ১০. পরিবেশ বিপর্যয় ইত্যাদি।

**খ) ইসলামি দৃষ্টিভঙ্গি**

চিকিৎসা বিজ্ঞানীরা যেসব বিষয়কে রোগ সংক্রমণের কারণ হিসেবে চিহ্নিত করেছেন ইসলাম বহুকাল আগেই রোগের সংক্রমণ রোধে সেসব বিষয়ে সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়েছে। এসব বিষয়ে সতর্কতা অবলম্বন না করায় এবং অবাধ্যতা ও অশ্লীলতার কারণে ইতোঃপূর্বে বহু জাতি ধ্বংস হয়েছে। যেমন: বিকৃত পাপাচারে অভ্যস্ত হয়ে লুত আলাইহিসসালামের জাতি জীবন যাত্রায় চরম বেপরোয়া হয়ে সমকামিতায় লিপ্ত হয়। ফলে তাঁদের ওপর আল্লাহর গযব নেমে আসে। পবিত্র কুরআনে আল্লাহ তাআলা বলেন,

﴿وَأَمْطَرْنَا عَلَيْهِمْ مَطَرًا فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِينَ﴾

অর্থাৎ, "আর আমি তাদের ওপর ভীষণভাবে বৃষ্টি বর্ষণ করলাম, অতএব, এখন দেখ তো! এই পাপীদের কিরূপ পরিণাম হলো।" (আল-কুরআন, ৬:৮৪)। রাসুলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

لَمْ تَظْهَرْ الْفَاحِشَةُ فِي قَوْمٍ قَطُّ حَتَّى يُعْلِنُوا بِهَا إِلَّا فَشَا فِيهِمْ الطَّاعُونُ وَالْأَوْجَاعُ الَّتِي لَمْ تَكُنْ مَضَتْ فِي أَسْلَافِهِمْ الَّذِينَ مَضَوْا

অর্থাৎ, "যখন কোনো জাতির মধ্যে অশ্লীলতা এমনভাবে ছড়িয়ে পড়ে যে তারা প্রকাশ্যে অশ্লীলতায় লিপ্ত হতে থাকে, তখন তাদের মধ্যে এমন সব রোগব্যাধি ছড়িয়ে পড়ে যা তাদের পূর্বপুরুষদের মধ্যে প্রসারিত ছিল না।" (ইবনু মাজাহ, তা.বি., ২/১৩৩২)।

বিভিন্ন রোগ সংক্রমণের ব্যাপারে বহু হাদিস বর্ণিত হয়েছে। এসবের কোনো কোনোটি বাহ্যিক দৃষ্টিতে পরস্পর বিপরীতমুখী মনে হলেও হাদিস বিশারদগণ বিভিন্নভাবে সমন্বয় সাধনের চেষ্টা করেছেন। নিম্নে এ সংক্রান্ত কিছু হাদিস উপস্থাপন করা হলো। আবু হুরায়রা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

لَا عَدْوَى وَلَا صَفَرَ وَلَا هَامَةَ فَقَالَ أَعْرَابِيٌّ يَا رَسُولَ اللَّهِ فَمَا بَالُ الْإِبِلِ تَكُونُ فِي الرَّمْلِ كَأَنَّهَا الظِّبَاءُ فَيَجِيءُ الْبَعِيرُ الْأَجْرَبُ فَيَدْخُلُ فِيهَا فِي

অনান্য উটও আক্রান্ত হয়ে যায়। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তাহলে প্রথম উটটিকে কে সংক্রমিত করল?" (মুসলিম তা.বি., ১১/২৫০)।

অপর এক হাদিসে আবু হুরায়রা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

لَا عَدْوَى وَلَا طِيَرَةَ وَلَا هَامَةَ وَلَا صَفَرَ وَفِرَّ مِنْ الْمَجْذُومِ كَمَا تَفِرُّ مِنْ الْأَسَدِ

অর্থাৎ, "রোগের সংক্রমণ নেই, কুলক্ষণ, পাখি উড়িয়ে ভাগ্য নির্ণয় এবং সফর মাসে অশুভ হওয়া বলতে কিছু নেই। এবং কুষ্ঠ রোগী থেকে তুমি ঐভাবে পালাও যেভাবে সিংহ থেকে পলায়ন করে থাকো।" (বুখারি, ১৯৮৭, ১৭/৪৭৬)।

আমর সাকাফি তাঁর পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন,

كَانَ فِي وَفْدِ ثَقِيفٍ رَجُلٌ مَجْذُومٌ فَأَرْسَلَ إِلَيْهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّا قَدْ بَايَعْنَاكَ فَارْجِعْ

অর্থাৎ, সাকিফ গোত্রের প্রতিনিধি দলে একজন কুষ্ঠ রোগী ছিলো। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লোক পাঠিয়ে জানালেন, "তোমাকে আমরা বায়আত করে নিয়েছি। তুমি ফিরে যাও।" (মুসলিম, তা.বি., ১১/২৭৫)।

উপরিউক্ত হাদিসগুলোতে আপাতদৃষ্টিতে পরস্পর বিপরীতমুখী নির্দেশনা পরিলক্ষিত হয়। কিন্তু এ ধরনের বিপরীতার্থক হাদিসের ক্ষেত্রে সমন্বয় করতে হয়, অথবা একটিকে নাসেখ অন্যটি মানসুখ মানতে হয়। এ সমস্ত হাদিসের ব্যাখ্যায় ইমাম নববি রাহিমুল্লাহ এর বর্ণনাযুয়ী, 'লা আদওয়া' দ্বারা জাহেলি যুগের মানুষের মধ্যে প্রচলিত 'রোগব্যাধি আল্লাহ তাআলার সৃষ্টির মাধ্যমে নয়; বরং নিজ ক্ষমতায় সংক্রমিত হয়' এ ধরনের ধারণার মূলোৎপাটন করা হয়েছে। আর ' لایورد ممرض علی مصح '

দ্বারা নির্দেশ করা হয়েছে যে, সুস্থ ও অসুস্থ পরস্পরের সংস্পর্শে যে সংক্রমণ ঘটে তাও আল্লাহর কুদরত দ্বারা হয়ে থাকে। তাই এ থেকে নিজেকে রক্ষা করার উদ্দেশ্যে সতর্কতা অবলম্বনের উপদেশ দেয়া হয়েছে। এ বিষয়ে আরো বলা হয়, কুষ্ঠ রোগীর শরীরের দুর্গন্ধ ও তার বদসুরত দেখে যেন কষ্ট পেতে না হয় সে উদ্দেশ্যে সুস্থকে অসুস্থের সাথে মেশাতে নিষেধ করা হয়েছে, সংক্রমণের আশঙ্কায় নয়। (ইমাম নববি, ১৪/২১৩)।

আবার, ড. মাহমুদ আত-তাহ্হান -এর বর্ণনানুযায়ী, "কোনো কিছু অন্য কোনো কিছুকে সংক্রমিত করতে পারে না।" এ হাদিস ঐ ব্যক্তির জন্য প্রযোজ্য, যিনি মনে করেন রোগ সংক্রমিত হয়। কারণ আল্লাহ তাআলার হুকুম ছাড়া যেমন রোগ ব্যাধি সৃষ্টি ও বিস্তার হয় না তেমনি এ থেকে শিফাও হয় না। আর কুষ্ঠরোগে আক্রান্ত ব্যক্তি থেকে পলায়নের বিষয়টি উসিলার পথকে বন্ধ করার শামিল। অর্থাৎ সে ঐ ব্যক্তির সাথে একমত না হয়, যে লোক ঐ কুষ্ঠরোগাক্রান্ত লোকের সাথে মেলামেশা করে। (ড. মাহমুদ আত-তাহ্হান, ২০০২, ৪৬)।

অতএব, সংক্রামক ব্যাধিসহ যাবতীয় অসুস্থতা ও বিপদাপদ আল্লাহর পক্ষ থেকে আসে। আল্লাহ তাআলা বলেন,

﴿وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ مِّنَ الْخَوفْ وَالْجُوعِ وَنَقْصٍ مِّنَ الأَمَوَالِ وَالأنفُسِ وَالثَّمَرَاتِ وَبَشِّرِ الصَّابِرِينَ الَّذِينَ إِذَا أَصَابَتْهُم مُّصِيبَةٌ قَالُواْ وَإِنَّا إِلَيْهِ رَاجِعونَ أُولَئِكَ عَلَيْهِمْ صَلَوَاتٌ مِّن رَّبِّهِمْ وَرَحْمَةٌ وَأُولَئِكَ هُمُ الْمُهْتَدُونَ﴾

অর্থাৎ "আমি তোমাদেরকে কিছু ভয়, ক্ষুধা, সম্পদ ও জীবনের ক্ষতি ও ফল-ফসলের ক্ষয়ক্ষতি দ্বারা অবশ্যই পরীক্ষা করব। আপনি সুসংবাদ প্রদান করুন ধৈর্যশীলদের, যারা তাদের উপর বিপদ আসলে বলে, 'আমরা তো আল্লাহরই এবং নিশ্চিতভাবে তাঁর দিকে প্রত্যাবর্তনকারী।' এরাই তো তারা যাদের প্রতি তাদের রবের কাছ থেকে বিশেষ অনুগ্রহ এবং রহমত বর্ষিত হয়, আর এরা সৎপথে পরিচালিত।" (আল-কুরআন: ২:১৫৫-১৫৬)

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি বলেন,

عَجَبًا لِأَمْرِ الْمُؤْمِنِ إِنَّ أَمْرَهُ كُلَّهُ خَيْرٌ وَلَيْسَ ذَاكَ لِأَحَدٍ إِلَّا لِلْمُؤْمِنِ إِنْ أَصَابَتْهُ سَرَّاءُ شَكَرَ فَكَانَ خَيْرًا لَهُ

অর্থাৎ, "মুমিনের বিষয়টি বড়ই আজব! তার সকল অবস্থাই তার জন্য কল্যাণকর। মুমিন ছাড়া অন্য কেউই এ অবস্থা অর্জন করতে পারে না। যদি সে আনন্দ লাভ করে তবে সে কৃতজ্ঞতা প্রকাশ করে এবং এর ফলে সে কল্যাণ লাভ করে। আর যদি সে বিপদ-কষ্টে পতিত হয় তবে সে ধৈর্যধারণ করে এবং এভাবে সে কল্যাণ লাভ করে।" (মুসলিম, তা.বি., ৮/২২৭)।

ইসলামের ইতিহাস পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, মহামারিতে আক্রান্ত হয়ে অনেক সাহাবিও মৃত্যুবরণ করেছেন। আবু উবাইদাহ রাযিয়াল্লাহু আনহু ছিলেন জান্নাতের সুসংবাদপ্রাপ্ত একজন সাহাবি। তিনি প্লেগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছিলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইন্তেকালের পর খলিফা নির্বাচনের প্রসঙ্গ উঠলে আবু বকর রাযিয়াল্লাহু আনহু আবু উবাইদা

রাযিয়াল্লাহু আনহুকে প্রস্তাব করেন। উমর রাযিয়াল্লাহু আনহু -এর ইন্তেকালের আগে কে পরবর্তীতে খলিফা হবেন এ প্রশ্ন উঠলে তিনি বলেন, যদি আবু উবাইদা বেঁচে থাকতেন তাহলে কোনো কিছু না ভেবে তাঁকেই খলিফা বানাতাম। সুতরাং মহামারিতে মৃত্যুকে ভয় না করে সৃষ্টিকর্তা আল্লাহকে ভয় করা উচিত। আয়শা রাযিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে তাউন তথা প্লেগ রোগ সম্পর্কে জিজ্ঞেস করলাম, তিনি আমাকে এ মর্মে সংবাদ দিলেন যে,

أَنَّهُ عَذَابٌ يَبْعَثُهُ اللَّهُ عَلَى مَنْ يَشَاءُ وَأَنَّ اللَّهَ جَعَلَهُ رَحْمَةً لِلْمُؤْمِنِينَ لَيْسَ مِنْ أَحَدٍ يَقَعُ
الطَّاعُونُ فَيَمْكُثُ فِي بَلَدِهِ صَابِرًا مُحْتَسِبًا يَعْلَمُ أَنَّهُ لَا يُصِيبُهُ إِلَّا مَا كَتَبَ اللَّهُ لَهُ إِلَّا
كَانَ لَهُ مِثْلُ أَجْرِ شَهِيدٍ

অর্থাৎ, "এটি হচ্ছে একটি আযাব। আল্লাহ তাআলা তাঁর বান্দাদের মধ্যে যাদের উপর ইচ্ছা তাদের উপর তা প্রেরণ করেন। তবে আল্লাহ মুমিনদের জন্য তা রহমতস্বরূপ করে দিয়েছেন। কোনো ব্যক্তি যদি প্লেগে আক্রান্ত জায়গায় সাওয়াবের আশায় ধৈর্য্য ধরে অবস্থান করে এবং তাঁর অন্তরে দৃঢ় বিশ্বাস থাকে যে, আল্লাহ তাকদিরে যা লিখেছেন তা-ই হবে তাহলে সে একজন শহিদের সাওয়াব পাবে। (বুখারি, ১৯৮৭, ১১/২৯৩)। যদিও মহামারি আল্লাহর শাস্তি, তবে মহামারিতে মৃত মোমিন বান্দারা শহিদি মর্যাদা পাবেন বলে হাদিসে বর্ণিত। রাসুলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

الشَّهَادَةُ سَبْعٌ سِوَى الْقَتْلِ فِي سَبِيلِ اللَّهِ الْمَطْعُونُ شَهِيدٌ وَالْغَرِقُ شَهِيدٌ وَصَاحِبُ ذَاتِ
الْجَنْبِ شَهِيدٌ وَالْمَبْطُونُ شَهِيدٌ وَصَاحِبُ الْحَرِيقِ شَهِيدٌ وَالَّذِي يَمُوتُ تَحْتَ الْهَدْمِ
شَهِيدٌ وَالْمَرْأَةُ تَمُوتُ بِجُمْعٍ شَهِيدٌ

অর্থাৎ, "আল্লাহর রাস্তায় শহিদ হওয়া ছাড়াও আরো সাত ধরনের শহিদ আছে। মহামারিতে মৃত্যু, পানিতে ডুবে মৃত্যু, পক্ষাঘাতে মৃত্যু, পেটের অসুখে মৃত্যু, অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু, ধবংসস্তূপে চাপা পড়ে মৃত্যু এবং যে মহিলা গর্ভাবস্থায় মারা যাবে সেও শহিদি মর্যাদা পাবে।" (আবু দাউদ, তা.বি., ৮/৩৬৫)।

উপরিউক্ত আলোচনা থেকে প্রতীয়মান হয় যে, সকল বিষয়ের ন্যায় রোগের ক্ষেত্রেও আল্লাহর সিদ্ধান্তই চূড়ান্ত। এজন্য সংক্রমণের ভয়ে অস্থির বা দুশ্চিন্তাগ্রস্ত হওয়ার বিষয়টি যেমন ইসলাম সমর্থন করে না তেমনিভাবে যে সকল রোগের বিস্তারে সংক্রমণ একটি উপায় বলে নিশ্চিত জানা যায় সে সকল রোগের বিস্তার রোধ ও সংক্রমণ নিয়ন্ত্রণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনাও ইসলামে রয়েছে। অতএব, সংক্রামক ব্যাধিসহ যাবতীয় অসুস্থতা ও বিপদ আপদ থেকে মুক্তির লক্ষে সুন্নাহ নির্দেশিত পন্থা অবলম্বন করা অত্যাবশ্যক।

**সংক্রামক ব্যাধি প্রতিরোধে ইসলাম**

ইসলাম আমাদেরকে এমন একটি জীবন পদ্ধতি ও বাস্তবমুখী কর্মসূচি প্রদান করেছে যে, যদি কোনো মানুষ ইসলামের এ নিয়মগুলো ন্যূনতমভাবেও মেনে চলে তবে সাধারণভাবে সে সুস্বাস্থ্য লাভ ও বৈশ্বিক মহামারিসহ নানা জটিল রোগ থেকে নিজেকে রক্ষা করতে পারবে। নিম্নে সংক্রামক ব্যাধি প্রতিরোধে ইসলামের আলোকে কতিপয় করণীয় নিয়ে আলোচনা করা হলো।

**পরিস্কার-পরিচ্ছন্নতা:** ইসলাম পরিচ্ছন্নতা ও পবিত্রতার ধর্ম। যেমন-হাদিসে বর্ণিত যে,

الطُّهُور شَطْر الإيمَانِ

অর্থাৎ, "পবিত্রতা ঈমানের অর্ধাংশ।" (মুসলিম, তা.বি., ১/২০৩)।

ইসলামে পবিত্রতার অর্জনের অন্যতম মাধ্যম ওযু ও গোসল। মহান আল্লাহ তাআলা ওযু করার সময় এমন চারটি অঙ্গকে ধোয়া ফরয করেছেন, যে চারটি অঙ্গের মাধ্যমে শরীরে দ্রুত ভাইরাস ছড়িয়ে পড়তে পারে। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ فَاغْسِلُوا وُجُوهَكُمْ وَأَيْدِيَكُمْ إِلَى الْمَرَافِقِ وَامْسَحُوا بِرُءُوسِكُمْ وَأَرْجُلَكُمْ إِلَى الْكَعْبَيْنِ

অর্থাৎ, "হে মুমিনগণ! যখন তোমরা নামাযের জন্য প্রস্তুত হও, তখন তোমাদের মুখমণ্ডল, কনুইসহ হাত ধৌত করো এবং তোমাদের মাথা মাসেহ করো, আর পা টাখনু পর্যন্ত প্রক্ষালন করো।" (আল কুরআন, ৫:৬)।

ওযুর শুরুতে কব্জি পর্যন্ত দুই হাত ধোয়া, কুলি করা, দাঁত মিসওয়াক করা, কান ও নাকের বহির্ভাগ পরিষ্কার করা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অন্যতম সুন্নাত। সঠিক নিয়মে হাত ধোয়ার অভ্যাস একটি ভালো ভ্যাকসিনের চেয়েও বেশি কার্যকর। ওযুর মাধ্যমে সাওয়াবঅর্জনের পাশাপাশি জাগতিক উপকারও পাওয়া যায়। যেমন, দৈনিক পাঁচবার নামাজের জন্য ওযু নির্দেশনায় হাত, পা প্রক্ষালন আবশ্যক। যার মাধ্যমে নানা ধরনের ছোঁয়াচে বা সংক্রামক রোগ থেকে সুরক্ষা পাওয়া সম্ভব। এছাড়া যত্রতত্র মল-মূত্র ত্যাগ ইসলামে নিষিদ্ধ। কারণ, তাতে রোগ-ব্যাধি ছড়ানোর আশঙ্কা বিদ্যমান। এ প্রসঙ্গে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

اتَّقُوا الْمَلَاعِنَ الثَّلَاثَةَ الْبَرَازَ فِي الْمَوَارِدِ وَقَارِعَةِ الطَّرِيقِ وَالظِّلِّ

অর্থাৎ, "তোমরা তিনটি অভিশপ্ত কাজ থেকে বেঁচে থাকো। তা হলো মানুষের অবতরণস্থল, রাস্তার উপর ও গাছের ছায়ায় মল-মূত্র ত্যাগ করা। (আবুদাউদ, তা.বি., ১/৯)।

**হাঁচি-কাশির সময় টিস্যু বা রুমাল ব্যবহার ও মাস্ক পরিধান :**

হাঁচি-কাশি দেওয়ার সময় টিস্যু বা রুমাল দিয়ে মুখ ঢেকে নেওয়া কিংবা কিছু না থাকলে কনুই ভাঁজ করে হাতের আস্তিন দিয়ে নাক-মুখ ঢাকা। এটি খুবই সাধারণ শিষ্টাচার। এ বিষয়ে আবু হুরায়রা রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন,

كَانَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا عَطَسَ وَضَعَ يَدَهُ أَوْ ثَوْبَهُ عَلَى فِيهِ وَخَفَضَ أَوْ غَضَّ بِهَا صَوْتَهُ

অর্থাৎ, "রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন হাঁচি দিতেন, নিজের হস্ত বা কাপড় দ্বারা মুখ ঢেকে ফেলতেন এবং আওয়াজ ক্ষীণ করতেন।" (আবু দাউদ তা.বি., ১৩/২১৮)।

উপরিউক্ত হাদিসে দুইটি বিষয়ের কথা বলা হয়েছে : (১) হস্ত বা কাপড় দ্বারা মুখ ঢেকে ফেলা এবং (২) আওয়াজ ক্ষীণ করা। হাঁচি ও হাইতোলা সংক্রান্ত বিষয়ক হাদিসের উপর আমল করলে আমরা এসবের মাধ্যমে বিস্তৃত রোগব্যাধি প্রতিরোধ করতে ইনশাআল্লাহ সক্ষম হবো। এ প্রসঙ্গে বিখ্যাত সাহাবি আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে বর্ণনা করেন,

إِنَّ اللهَ يُحِبُّ الْعُطَاسَ وَيَكْرَهُ التَّثَاؤُبَ فَإِذَا عَطَسَ فَحَمِدَ اللهَ فَحَقٌّ عَلَى كُلِّ مُسْلِمٍ سَمِعَهُ أَنْ يُشَمِّتَهُ وَأَمَّا التَّثَاؤُبُ فَإِنَّمَا هُوَ مِنْ الشَّيْطَانِ

অর্থাৎ, "আল্লাহ তাআলা হাঁচিকে পছন্দ করেন এবং হাইতোলাকে ঘৃণা করেন। যখন কারো হাঁচি আসে এবং সে 'আলহামদুলিল্লাহ' বলে তখন শ্রোতার উচিত 'ইয়ার হামুকাল্লাহ' বলা।' (আল্লাহ তোমার প্রতি রহম করুন)। আর হাই তোলা শয়তানের পক্ষ হতে হয়। তাই যথা সম্ভব তা রোধ করা উচিত। কেননা যখন কেউ হাই তোলে তখন শয়তান তাতে হাসতে থাকে।" (বুখারি, ১৯৮৭, ১৯/২২৭)।

হাঁচিতে আল্লাহর সন্তুষ্টি এবং হাই তোলাতে শয়তানের আনন্দ। এ বক্তব্যের তাৎপর্য এই যে, হাঁচির মাধ্যমে দেহের দূষিত পদার্থ বের হয় এবং মুখ খোলা থাকলে সে দূষিত পদার্থ বাতাসের মাধ্যমে অন্যের মধ্যে সংক্রমিত হতে পারে। এ আশঙ্কা হতে নিরাপদে থাকার জন্য রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাঁচি এলে তাঁর পবিত্র হাতদ্বারা মুখ বন্ধ রাখতেন কিংবা কাপড় দ্বারা ঢেকে রাখতেন এবং মৃদু স্বরে কথা বলতেন। হাঁচির মাধ্যমে দেহের অভ্যন্তরীণ ক্ষতিকর পদার্থ বের হওয়ায় প্রশান্ত হৃদয়ে আল্লাহকে স্মরণ করা সহজতর হয়।

**বিচ্ছিন্নকরণ ব্যবস্থা বা কোয়ারেন্টাইন :** রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রায় দেড় হাজার বছর পূর্বে সংক্রমণ প্রতিরোধে বিচ্ছিন্নকরণ (quarantine) ব্যবস্থার নির্দেশনা প্রদান করে ইরশাদ করেন,

إِذَا سَمِعْتُمْ بِالطَّاعُونِ بِأَرْضٍ فَلَا تَدْخُلُوهَا وَإِذَا وَقَعَ بِأَرْضٍ وَأَنْتُمْ بِهَا فَلَا تَخْرُجُوا مِنْهَا

অর্থাৎ, "যদি তোমরা শুনতে পাও যে, কোনো জনপদে প্লেগ বা অনুরূপ মহামারির প্রাদুর্ভাব ঘটেছে তবে তোমরা তথায় গমন করবে না। আর যদি তোমরা যে জনপদে অবস্থান করছ তথায় তার প্রাদুর্ভাব ঘটে তবে সেখান থেকে বের হবে না।" (বুখারি, ১৯৮৭, ৫/২১৬৩)।

একজন মুমিন হিসেবে বিশ্বাস করতে হবে যে, সকল বিষয়ের ন্যায় রোগের ক্ষেত্রেও আল্লাহর সিদ্ধান্তই চূড়ান্ত। এজন্য সংক্রমণের ভয়ে অস্থির বা দুশ্চিন্তার কোনো কারণ নেই। পাশাপাশি যে সকল রোগের সংক্রমণ নিশ্চিত জানা যায়, সেগুলোর বিস্তার রোধের ও নিয়ন্ত্রণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইসলাম কোনোভাবেই অসতর্ক অবস্থায় চলাফেরার অনুমতি দেয়নি। অন্য হাদিসে সংক্রামক ব্যাধি সম্পর্কে সতর্ক করে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন,

لَا يُورِدَنَّ مُمْرِضٌ عَلَى مُصِحٍّ

অর্থাৎ, "অসুস্থকে সুস্থের মধ্যে নেওয়া হবে না (রুগ্ন উটকে সুস্থ উটের কাছে নেবে না)।" (বুখারি, ১৯৮৭, ৫/২১৭৭)।

## সুষম খাদ্য গ্রহণ ও অস্বাস্থ্যকর খাবার পরিহার

চিকিৎসার পাশাপাশি খাওয়া-দাওয়ার বিষয়ে সতর্ক হওয়ার নির্দেশনা ইসলামে এসেছে। খাদ্যের পুষ্টিজনিত অভাব, ক্ষতিকর খাদ্য গ্রহণ ও অতিভোজন ইত্যাদি কারণে নানা রোগের সৃষ্টি হয়। যেমন- ডায়াবেটিস, রক্তস্বল্পতা, ক্ষুধামন্দা, হৃদরোগ, আলসার ও ক্যান্সার ইত্যাদি। খাবার গ্রহণের বেলায় মধ্যম পন্থা অবলম্বনের প্রতি উৎসাহ প্রদান করে আল্লাহ তাআলা বলেন,

﴿كُلُوا وَاشْرَبُوا وَلَا تُسْرِفُوا إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْرِفِينَ﴾

অর্থাৎ, "তোমরা খাও ও পান করো এবং অপচয় করো না। নিশ্চয় তিনি অপচয়কারীদের পছন্দ করেন না।"(আল কুরআন, ৭:৩১)। এ প্রসঙ্গে উমর রাযিয়াল্লাহু আনহু বলেন, "বেশি পানাহার থেকে বেঁচে থাক। কারণ, অধিক পানাহার দেহকে নষ্ট করে, রোগের জন্ম দেয় এবং কর্মে অলসতা সৃষ্টি করে। পানাহারের ক্ষেত্রে মধ্যমপন্থা অবলম্বন করো। এটা সুস্থতার জন্য উপকারী এবং অপব্যয় থেকে দূরবর্তী। (মুহাম্মদ শফি, তা.বি., ৪৩৮)।

অত্যধিক পানাহারকে নিরুৎসাহিত করার পাশাপাশি ক্ষতিকারক ও নোংরা খাদ্য গ্রহণ ইসলাম হারাম ঘোষণা করেছে। আল্লাহ তাআলা বলেন,

﴿وَيُحِلُّ لَهُمُ الطَّيِّبَاتِ وَيُحَرِّمُ عَلَيْهِمُ الْخَبَائِثَ﴾

অর্থাৎ, "আর তিনি তাদের জন্য যাবতীয় পবিত্র বস্তু হালাল ঘোষণা করেন ও নাপাক (নোংরা) জিনিস সমূহকে হারাম ঘোষণা করেন।"(আল কুরআন, ৭:১৫৭)।

**মাদকদ্রব্য ও মদ্যপান পরিহার**

ইসলামে সকল প্রকার নেশাজাতীয় বস্তু, মাদকদ্রব্য ও মদ্যপান হারাম। এ প্রসঙ্গে আল্লাহ তাআলা ঘোষণা করেন,

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنْصَابُ وَالْأَزْلَامُ رِجْسٌ مِنْ عَمَلِ الشَّيْطَانِ فَاجْتَنِبُوهُ لَعَلَّكُمْ تُفْلِحُونَ﴾

অর্থাৎ "ওহে ইমানদার সকল, মদ, জুয়া, পূজার বেদী ও ভাগ্যনির্ণায়ক শর ঘৃণিত শয়তানের কাজ। অতএব তোমরা তা (সম্পূর্ণরূপে) বর্জন করো। যেন তোমরা সফলকাম হও।"(আল কুরআন, ৫:৯০)। এ ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

إِنَّ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يُرْفَعَ الْعِلْمُ وَيَثْبُتَ الْجَهْلُ وَيُشْرَبَ الْخَمْرُ وَيَظْهَرَ الزِّنَا

অর্থাৎ "নিশ্চয়ই কিয়ামতের আলামতগুলোর মধ্যে রয়েছে– ইলম হ্রাস পাওয়া, অজ্ঞতা ও মূর্খতা বেড়ে যাওয়া, অবাধে মদ্যপান, প্রকাশ্যে যিনা ব্যভিচার।"(বুখারি, ১৯৮৭, ১/১৪৩)।

মাদক সেবনের ফলে নানা রোগের সৃষ্টি হয়। যেমন: রক্তসল্পতা, ক্ষুধামন্দা, হৃদরোগ, আলসার ও ক্যান্সার ইত্যাদি। সমাজে হত্যা, ধর্ষণ, চাঁদাবাজি, ছিনতাই, চুরি, ডাকাতি, সমকামিতা, বিয়ে-বিচ্ছেদসহ অনেক অপরাধই মাদকের কারণে বৃদ্ধি পাচ্ছে।

মনোবিজ্ঞানীদের মতে, মাদক এক ভয়ঙ্কর সর্বনাশা ক্ষতিকর দ্রব্য। ক্ষতিকর জেনেও মানুষ কেন মাদকাসক্ত হয়, সে বিষয়ে নানা গবেষণা ও পরীক্ষা-নিরীক্ষা থেকে প্রতীয়মান হয় যে, এর পেছনে একক কোনো কারণ দায়ী নয় বরং বেশ কিছু মনস্তাত্ত্বিক, শারীরিক ও আর্থ-সামাজিক কারণ বিদ্যমান। (একেএম নযিবুল হক, ১৯৮৯, ২০১)।মাদক গ্রহণের ফলে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পায়। ফলে সুস্থ থাকাটা অনেকটা কঠিন হয়ে পড়ে। মাদকাসক্তির পাশাপাশি তামাক ও তামাকজাত দ্রব্য যথাঃ ধূমপান, জর্দা, সাদাপাতা ইত্যাদিও সামাজিক অস্থিরতা ও রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাসে অনেকাংশে দায়ী। ধূমপান ও তামাকের দ্বারা নানা রোগের জন্ম হয়। যেমন- দাঁতে, মুখে ও ফুসফুসে কালো আবরণ তৈরি হওয়া ইত্যাদি। ধূমপান ও তামাক বিষয়ে পবিত্র কুরআনে সরাসরি নিষেধাজ্ঞা না থাকলেও এগুলোর কারণে নানা ধরনের রোগব্যাধি হয়ে থাকে বলে এসব সেবন থেকে বিরত থাকা প্রত্যেকেরই কর্তব্য। আল্লাহ তাআলা কুরআনে বলেন,

﴿لَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ وَأَحْسِنُوا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ﴾

অর্থাৎ, "তোমরা নিজেদেরকে ধ্বংসের সম্মুখীন করো না, এবং তোমরা (অন্য মানুষদের সাথে দয়া) অনুগ্রহ করো, অবশ্যই আল্লাহ তাআলা অনুগ্রহকারী ব্যক্তিদের ভালবাসেন।" (আল কুরআন, ২:১৯৫)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

إِنَّ اللَّهَ كَرِهَ لَكُمْ ثَلَاثًا قِيلَ وَقَالَ وَإِضَاعَةَ الْمَالِ وَكَثْرَةَ السُّؤَالِ

অর্থাৎ "আল্লাহ তাআলা তোমাদের জন্য তিনটি বিষয়কে অপছন্দ করেন। ১. অযথা কথাবার্তা বলা, ২. সম্পদ অপচয় করা এবং ৩. অধিক হারে প্রশ্ন করা। (বুখারি, ১৯৮৭, ৫/৩২৮)।

উপরিউক্ত আয়াত ও হাদিসে নিজেকে ধ্বংসের দিকে ঠেলে দেওয়া ও সম্পদ বিনষ্ট করার প্রতি নিরুৎসাহিত করা হয়েছে। তাই ধূমপান ও তামাক সেবন থেকে বেঁচে থাকলে আশা করা যায় উপর্যুক্ত আয়াত ও হাদিস মান্য করা যাবে। এতে শরীর সুস্থতা এবং সম্পদের অপচয় থেকে রক্ষা সম্ভব হবে ।

**হতাশাগ্রস্থ না হওয়া :**

মানব জীবনের অতি পরিচিত একটি বিষয় হতাশা (Depression)। আমাদের জীবনে প্রাপ্তির আশা যেমন রয়েছে তেমনি রয়েছে হারানোর বেদনা এবং হতাশা। শয়তানের প্রথম সবক হতাশা। সে হতাশা ও দুশ্চিন্তাকে সিঁড়ি হিসেবে ব্যবহার করেই মানুষকে বিপথগামিতার দিকে নিয়ে যায়। জীবনের বিভিন্ন ক্ষেত্রে আদান-প্রদান বা লেনদেনের অনেক কিছু না পাওয়ার আঘাতে হতাশা অনেক সময় কাল হয়ে দাঁড়ায়। বৈশ্বিক মহামারিতে অনেকে চাকুরি হারিয়েছেন, ব্যবসা-বাণিজ্যে লোকসান দিয়েছেন এমন কঠিন পরিস্থিতিতে ইসলামের নির্দেশনা হলো হতাশাগ্রস্ত না হওয়া। ইসলামি জীবন ব্যবস্থায় হতাশার কোনো স্থান নেই।

এ সম্পর্কে আল্লাহ তাআলা পবিত্র কুরআনে বলেন,

﴿الشَّيْطَانُ يَعِدُكُمُ الْفَقْرَ وَيَأْمُرُكُمْ بِالْفَحْشَاءِ وَاللَّهُ يَعِدُكُمْ مَغْفِرَةً مِنْهُ وَفَضْلًا وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ﴾

অর্থাৎ "শয়তান তোমাদের দারিদ্রের ভয় দেখায় এবং অশ্লীলতার নির্দেশ দেয়। আর আল্লাহ তোমাদেরকে তাঁর ক্ষমা এবং অনুগ্রহের প্রতিশ্রুতি প্রদান করেন। আল্লাহ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।" (আল কুরআন, ২:২৬৮)।

**মহামারি বা দুরারোগ্য ব্যাধি থেকে পরিত্রাণের দুআ :**

বিপদকালীন করণীয় সম্পর্কে বিশ্বনবি মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিম্নোক্ত দুআ শিক্ষা দিয়েছেন,

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحَزَنِ وَالْعَجْزِ وَالْكَسَلِ وَالْبُخْلِ وَالْجُبْنِ وَضَلَعِ الدَّيْنِ وَغَلَبَةِ الرِّجَالِ

অর্থাৎ "হে আল্লাহ আমি আপনার আশ্রয় গ্রহণ করছি দুশ্চিন্তা, দুঃখ-বেদনা, মনোকষ্ট, অক্ষমতা, অলসতা, কৃপণতা, কাপুরুষতা, ঋণের বোঝা এবং মানুষের প্রাধান্যের অধীনতা থেকে।" (বুখারি, ১৯৮৭, ৩/১০৫৯)।

দুআর মাধ্যমে দৈহিক ও মানসিক সুস্থতাসহ হতাশামুক্ত একটি সুন্দর ভারসাম্যপূর্ণ জীবন গঠন সম্ভব। প্রতিরোধ ব্যবস্থা নেওয়ার পাশাপাশি দুরারোগ্য কিংবা মহামারি থেকে একমাত্র আল্লাহর কাছে আশ্রয় চাওয়াটাই সর্বোত্তম পন্থা। এমন পরিস্থিতিতে সব সময় এ দুআটি পড়ার অভ্যাস করা সমীচীন, যা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শিখিয়ে দিয়েছেন।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْبَرَصِ وَالْجُنُونِ وَالْجُذَامِ وَمِنْ سَيِّئِ الْأَسْقَامِ

অর্থাৎ "হে আল্লাহ আপনার কাছে আমি আশ্রয় চাই শ্বেত রোগ, মাতাল হয়ে যাওয়া, কুষ্ঠ রোগ এবং দুরারোগ্য ব্যাধি থেকে।" (আবু দাউদ, তা.বি., ২/৯৪)।

**গবেষণার ফলাফল ও করণীয় :**

১. ইসলাম মানবতার কল্যাণের জন্য, কারো ক্ষতি করা ও ক্ষতিতে নিক্ষেপ করা ইসলাম সমর্থন করে না। তাই ইসলামে সংক্রামক ব্যাধিসহ সকল রোগের ক্ষেত্রে প্রতিরোধ পদ্ধতিকেই সর্বাধিক গুরুত্ব দেয়া হয়েছে। ইসলামের এ সংক্রান্ত নির্দেশনা মেনে চললে নানা রোগ-ব্যাধি প্রতিরোধ সম্ভব।

২. ইসলাম একটি ভারসাম্যপূর্ণ জীবন ব্যবস্থা। তাই এতে সংক্রামক ব্যাধির অস্তিত্বের ব্যাপারে আক্বীদায় ভারসাম্য আনার চেষ্টা করা হয়েছে। অর্থাৎ ভালো-মন্দ, রোগ-ব্যাধি আল্লাহ তাআলার সৃষ্টি। রোগের সংক্রমণ তো রোগের সৃষ্টিকর্তা আল্লাহর দান। রোগের নিজস্ব কোনো ক্ষমতা নেই। তাই রোগাক্রান্ত ব্যক্তির সংস্পর্শে গেলেই আক্রান্ত হওয়া জরুরি হয়ে পড়ে না; বরং এটা একটা সবব বা কার্য-কারণ যা আল্লাহ তাআলার হুকুমেই কাজ করে।

৩. রোগ প্রতিরোধের জন্য মানসিক শক্তি ও প্রশান্তির বিকল্প নেই। তাই সবর, সালাত, যিকর, দুআ ইত্যাদি ইবাদতের মাধ্যমে প্রশান্তি অর্জনের চেষ্টা করতে হবে।

৪. ইসলামে পরিমিত ও পুষ্টিকর খাবার গ্রহণে উৎসাহ প্রদান এবং নেশাজাতীয় দ্রব্য ও মানব দেহের জন্য ক্ষতিকর বস্তু সম্পূর্ণরূপে হারাম ঘোষণা করা হয়েছে। এসবের উপর যথাযথ আমল করলে সংক্রামক ব্যাধিসহ অন্যান্য সৃষ্ট রোগ-ব্যাধি প্রতিরোধ সম্ভব।

**উপসংহার**

মানুষের দ্বিবিধ সত্তা রয়েছে, একটি আত্মিক সত্তা, অন্যটি দৈহিক সত্তা। হাদিসে বর্ণিত আছে, "প্রত্যেক দেহে একটি মাংসপিণ্ড রয়েছে, এটি সুস্থ থাকলে দেহ সুস্থ, এটি অসুস্থ হলে দেহ অসুস্থ হয়। আর এটি হলো আত্মা।" তাই ইসলাম আত্মিক পরিশুদ্ধতার উপর গুরুত্ব আরোপ করে। অন্যদিকে দৈহিক পরিশুদ্ধতার জন্য ওযু ও গোসলের ব্যবস্থা রয়েছে। আর দৈহিক চিকিৎসার জন্য আধুনিক প্রতিষেধক রয়েছে। করোনা ভাইরাস প্রতিরোধে ইসলাম নির্দেশিত পবিত্রতার বিধান আধুনিক চিকিৎসা বিজ্ঞানীদের নিকট প্রশংসিত হলেও আত্মিক পরিশুদ্ধতা বা নৈতিক উন্নয়নের বিষয়টি অবহেলিত রয়ে গেছে। অথচ কুরআন ও হাদিস পর্যালোচনা করলে দেখা যায়, যখন কোনো জনগোষ্ঠী আল্লাহ ও তাঁর রাসুলের অবাধ্য হয়ে বড় বড় পাপকে সাধারণ মনে করে এবং অশ্লীলতা ও বেহায়াপনা অবাধে প্রকাশ্য করতে থাকে তখন সেই জনগোষ্ঠীর উপর মহামারি বা সংক্রামক ব্যাধি প্রেরিত হয়। যারা সতর্ক না হয়ে অশ্লীলতায় নিমজ্জিত থাকে এমনকি মৃত্যুবরণ করে তাদের জন্য এটি গযব। যারা সতর্ক হয়ে নিজেকে সংশোধন করে নেয় এবং ধৈর্যধারণ করে নির্ধারিত স্থানে অবিচলভাবে অবস্থান করে তাদের জন্য এটি রহমত (মারা গেলে শহিদ হয়)। আর সাধারণভাবে মুমিনদের জন্য এটি একটি পরীক্ষা, কারা ইমানের উপর অটল থাকে, আর কারা বিভ্রান্ত হয়। ছোঁয়াচে রোগ বা রোগের সংক্রমণ নিয়ে বাড়াবাড়ি ইসলাম সমর্থন করে না। প্রতিনিয়ত বিভিন্ন প্রকারের রোগজীবাণু মানব দেহে প্রবেশ করছে। শুধু রোগজীবাণুর সংক্রমণেই রোগ ব্যাধি হলে প্রায় সকলেই অসুস্থ হয়ে যেত। রোগীর কাছে বা চারিপার্শ্বে থেকেও অনেক মানুষ সুস্থ রয়েছেন। আবার প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করা সত্ত্বেও অনেকেই আক্রান্ত হচ্ছেন বিভিন্ন রোগে। রোগজীবাণুর পাশাপাশি মানুষের দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা, রোগ জীবাণুর কর্মক্ষমতা ইত্যাদি অনেক কিছুর সমন্বয়ে মানুষের দেহে রোগের প্রকাশ ঘটে। কর্মদোষেই অধিকাংশ সময় মানুষ সমস্যায় নিপতিত হয়। আবার আল্লাহ তাআলা অনেক সময় বিপদ-আপদ, রোগ-ব্যাধি ইত্যাদির মাধ্যমে পরীক্ষাও করেন। আল্লাহ হলেন সকল কিছুর সৃষ্টিকর্তা, বিপদ-আপদ থেকে মুক্তিদাতা। তাই আল্লাহর কাছে ক্ষমা চাওয়া এবং সুন্নাহ নির্দেশিত পন্থায় যথাযথভাবে সচেতনতা অবলম্বন সকলেরই কর্তব্য।

**তথ্যপঞ্জি:**


- আল-কুরআনুল কারিম।
- আবু দাউদ, সুলাইমান ইবনু আশআস, *আস-সুনান* (বৈরূত : দারুল ফিকর,তা. বি.)।
- আহমদ শরীফ, বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান, (ঢাকা : গবেষণা সংকলন ও ফোকলোর বিভাগ, তৃতীয় মুদ্রণ ২০০২)।
- ইমাম নববি, ইয়াহইয়া ইবনু শারাফ, *শারহু সহিহ মুসলিম* (বৈরূত : দারুল ফিকর, ১৯৮১ খ্রি.)।
- ইবনু মাজাহ, মুহাম্মদ ইবনু ইয়াযিদ, *আস-সুনান* (বৈরূত : দারুল ফিকর তা.বি.)।
- এ. কে.এম নাযিবুল হক, *মন ও মনোবিজ্ঞান* (ঢাকা : প্র. বি, ১৯৮৯ খ্রি.)।
- ডাঃ এ, এন, এ হোসেন, *আধুনিক এ্যালোপ্যাথিক চিকিৎসা* (ঢাকা : এম.এ হক সাথী, ২০১৭ খ্রি.)।
- ড. মাহমুদ আত-তাহ্হান, *তাইসিরু মুসতালাহিল হাদিস* (রিয়াদ : মাকতাবাতুল মাআরিফ, তা.বি.)
- বুখারি, মুহাম্মদ ইবনু ইসমাঈল, *আস সহিহ,* (বৈরূত : দারু কাসির, ইয়ামাহ, দ্বিতীয় প্রকাশ, ১৯৮৭ খ্রি.)।
- মুসলিম ইবনুল হাজ্জাজ, আস-সহিহ, (কায়রো : দারু এহইয়াইল কুতুবিল আরাবিয়া, তা.বি.) : (ঢাকা : এমদাদিয়া লাইব্রেরী, তা.বি.)।
- মুহাম্মদ শফি, তফসিরে মাআরেফুল কুরআন, অনুবাদ মাও. মুহিউদ্দীন খান, (মদিনা মোনাওয়ারা: খাদেমুল হারামাইন-শরিফাইন, তা. বি.)।
- সম্পাদনা পরিষদ সম্পাদিত, *আল মুজামুল ওয়াসিত* (ঢাকা : নাদিয়াতুল কুরআন প্রকাশনী, ২০০৭ খ্রি.)।

Journal of Business, Society and Science
ISSN: 2072-5701
Volume-08, Issue-01, January 2021

# মাদকাসক্তি প্রতিরোধে ইসলামের নির্দেশনা ও বর্তমান প্রেক্ষাপটে আমাদের করণীয়

Fazly Ealahi Mamun

সারসংক্ষেপ :

বর্তমান বিশ্বে যে সব সমস্যা মানুষকে সবচেয়ে বেশি আতঙ্কিত করেছে তন্মধ্যে মাদকাসক্তি অন্যতম। প্রাথমিক পর্যায়ে মাদকাসক্তির উপাদান মাদকদ্রব্য চিকিৎসা ক্ষেত্রে কিংবা আনন্দ-উল্লাস ও খোশ মেজাজে থাকা এবং প্রশান্তি সৃষ্টির ভ্রান্ত বিনোদন হিসেবে ব্যবহৃত হত, কিন্তু কালের চক্রে তা এখন মানব জাতির জন্য ভয়াবহ সামাজিক সমস্যা হিসেবে আত্মপ্রকাশ করেছে। মানুষের বিবেক-বুদ্ধি সংরক্ষনের জন্য সুস্থ ও সবল দেহ, মেধা ও মননশীল সমাজ বিনির্মাণের জন্য মানবতার রক্ষাকবচ ইসলাম মাদক দ্রব্যের ব্যবহার চিরতরে হারাম ঘোষণা করে শাস্তির বিধান প্রণয়ন করেছে। প্রচলিত আইন দিয়ে কাঙ্খিত প্রতিরোধ সম্ভব না হওয়ার ফলে প্রচলিত ও ইসলামী আইনের আলোকে একটি সমন্বিত ব্যবস্থার প্রয়োজন। মাদকাসক্তি প্রতিরোধে ইসলামের নির্দেশনা ও বর্তমান প্রেক্ষাপটে আমাদের করণীয় কী তা বর্ণনার উদ্দেশ্যেই আলোচ্য প্রবন্ধটি প্রণীত হয়েছে। এ গবেষণায় বর্ণনা, বিশ্লেষণ ও তুলনামূলক পদ্ধতি অনুসরণ করা হয়েছে। তথাকথিত আধুনিকতার দোহাই দিয়ে ধর্মীয় অনুশাসন পালনের ক্ষেত্রে শিথিলতার কারণেই আমাদের তরুণ প্রজন্ম আশঙ্কাজনক হারে মাদকাসক্তির প্রতি ঝুঁকে পড়ছে। মাদকাসক্তি ক্রমবিস্তারের বিদ্যমান পরিস্থিতি অব্যাহত থাকলে অচিরেই আমরা একটি পশ্চাৎপদ ও পঙ্গু জাতিতে পরিণত হওয়ার আশঙ্কা রয়েছে। বক্ষ্যমান প্রবন্ধে মাদকাসক্তি প্রতিরোধে ইসলামের নির্দেশনা ও বর্তমান প্রেক্ষাপটে আমাদের করণীয় সম্পর্কে আলোকপাত করার চেষ্টা করা হয়েছে।

মূলশব্দ : মাদকাসক্তি, মাদকদ্রব্য, প্রতিরোধ, ইসলামের নির্দেশনা, আমাদের করণীয়।

**Abstract :**

*In today's world, among all the problems that panic human beings most, drug addiction is the leading one. In the initial stage,drugs were used in the medical sector as the misunderstood means of arousingjoy, peace and entertainment. But in course of time, it emerged as the frustrating social problem for the entire human kind. To preserve human intelligence and consciousness for healthy and sound body, to establish a contemplative society, the protector of humanity, Islam has made the use of drugs haram and has made provision for punishment. As the existing law fails to bring expected resistance, in that case, in the light of conventional Islamic law a concerted approach is required. This paper has been written keeping the present context in mind to prevent drug addiction following Islamic instructions and what are our duties should be. In this research, description, analysis and comparisonmethods have been adopted. New generationsare alarmingly leaning towards drug addiction in the name of so called modernityand that resulted from neglecting the religious discipline. If the present condition of proliferation of drugs prevails, it is likely that we will turn into a paralyzedand backward nation soon.The present article intends to shed light on the Islamic instructions regarding the prevention of drugs and what our duties should be.*

**Key words :** *Drug Addiction, Drugs, Prevention, Instructions of Islam, Our Duties*

Assistant Professor, Department of Islamic Studies, Leading University
(E-mail : felahimamun@gmail.com)

**ভূমিকা :** মাদকাসক্তি (Drug Addiction) বর্তমান বিশ্বের অন্যতম প্রধান সমস্যা। অধুনা বিশ্বে যে সমস্ত সমস্যা মারাত্মকভাবে সামাজিক সমস্যা হিসেবে উদ্ভূত হয়েছে, তন্মধ্যে মাদকাসক্তি অন্যতম। সামাজিক সমস্যা হিসেবে মাদকাসক্তির অভ্যুদয় এতকাল পশ্চাত্য সমাজে হলেও এখন তা বিশ্বের উন্নয়নশীল দেশগুলোতে দ্রুত ছড়িয়ে পড়ছে। সমাজের অধিকাংশ অপরাধের জন্য দায়ী এই মাদকতা। আগামীতে যারা দেশের নেতৃত্ব দেবে সেই তরুণদের একটি বড় অংশ মাদকাসক্ত। মাদকতা আমাদের তরুণ প্রজন্মকে ক্রমশ মানসিক ভারসাম্যহীন করে তাদের ইচ্ছাশক্তি, কল্পনাশক্তি, মেধাশক্তি, দৈহিক-মানসিক শক্তি তথা প্রাণশক্তিকেই ধ্বংস করছে। মাদকাসক্তি তরুণ সম্প্রদায়ের মধ্যে যে মনস্তাত্ত্বিক, সামাজিক বিচ্ছিন্নতাবোধ, নৈতিক স্খলন, মূল্যবোধের অবক্ষয় এবং অপরাধ প্রবণতার জন্ম দিচ্ছে, তা সমাজ জীবনের গতিশীলতাকে মারাত্মকভাবে বাধগ্রস্ত করছে। সমাজের রন্ধ্রে রন্ধ্রে অপসংস্কৃতি ও অপরাধের বিস্তার ঘটাচ্ছে। মাদকের বিষ আমাদের সামাজিক স্থিতিশীলতার জন্য মারাত্মক হুমকি। মাদকের ভয়াল থাবায় বিশ্বব্যাপী মানব সভ্যতা আজ হুমকির মুখে পড়েছে। এর মরণ ছোবলে জাতি আজ ধ্বংস হচ্ছে, ভেঙ্গে পড়ছে পরিবার, বিঘ্নিত হচ্ছে সামাজিক ও রাষ্ট্রীয় নিরাপত্তা এবং অর্থনৈতিক উন্নয়ন। এর সাথে যোগ হচ্ছে মানবতা বিধ্বংসী অসংখ্য অপরাধ। গত দুই দশক ধরে সমস্যাটি এত উদ্বেগজনকভাবে বৃদ্ধি পেয়েছে যে, এটি নিয়ন্ত্রণে না আনতে পারলে যে কোন সময় মানবসম্পদ সৃষ্টির পথে বিরাট হুমকি হয়ে দেখা দিতে পারে। ইসলাম সুদুরপ্রসারী দৃষ্টিভঙ্গি নিয়ে মাদকসক্তিকে চূড়ান্ত ভাবে নিষিদ্ধ ঘোষণা করেছে। ইসলামী শরিয়ত মানুষের সংশোধনের জন্য শুধু আইনকেই পর্যাপ্ত মনে করেনি; বরং আইনের পূর্বে তাদের মন-মস্তিষ্ককে প্রশিক্ষণের মাধ্যমে, ইবাদত-আরাধনা এবং পরকালের চিন্তা দিয়ে পরিবর্তন সাধন করে। মাদক উৎপাদন, গ্রহণ এবং ব্যবসা ইসলামী শরিয়তে সম্পূর্ণ হারাম এবং একটি দন্ডনীয় অপরাধ। মাদকাসক্তির কারণে সকল জনপদেই চুরি, ছিনতাই, ডাকাতি, চাঁদাবাজি, সন্ত্রাস ও খুন-খারাবি বেড়ে গিয়ে মানুষের জানমালের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। মাদকাসক্তিজনিত সমস্যার কারণে বিশ্ব আজ এক মারাত্মক ও ভয়াবহ সন্ধিক্ষণে এসে দাঁড়িয়েছে।। এ অবস্থা থেকে তরুণ ও যুব সমাজকে রক্ষা করতে নেশামুক্ত, সুস্থ ও সুশৃঙ্খল সমাজ গঠনে ধর্মীয় শিক্ষা গ্রহণ ও মূল্যবোধ অর্জনের গুরুত্ব ও প্রয়োজনীয়তা রয়েছে। তাই মাদকাসক্তির বিস্তার রুখতে হলে প্রয়োজন ইসলামী নীতির অনুসরণ, নৈতিক মূল্যবোধ জাগ্রতকরণ এবং গণমানুষের সচেতনতা।

**মাদকাসক্তির পরিচয় :** মাদকাসক্তি হচ্ছে এক ধরনের অসুস্থতা যার ফলে রোগী ড্রাগের উপর সম্পূর্ণভাবে নির্ভরশীল হয়ে পড়ে। একবার ড্রাগ ব্যবহারে ভালো লাগার আমেজের মধ্য দিয়ে জন্ম নেয় পুনরায় ব্যবহারের ইচ্ছা। এভাবে পুন:পুন: ড্রাগ ব্যবহারের ফলে ড্রাগের প্রতি আকর্ষণ ক্রমান্বয়ে বাড়তে থাকে। ফলে ব্যবহারকারীকে ড্রাগের মাত্রা বাড়াতে হয়। এভাবে অবস্থা এমন এক পর্যায়ে পৌছে যায় যে, ড্রাগ ব্যবহার না করলে শরীরে প্রত্যাখানজনিত বিরূপ প্রতিক্রিয়া দেখা যায়। আর এরূপ প্রতিক্রিয়ার ভয় তাকে আবার টেনে নিয়ে যায় ড্রাগের দিকে। ফলে আসক্ত ব্যক্তি একমাত্র ড্রাগ ব্যবহারের চিন্তা-ভাবনায় আচ্ছন্ন হয়ে পড়ে এবং জীবনের বাকি সব চাহিদা, দায়িত্ব ও গুরুত্ব হারিয়ে ফেলে। ড্রাগ ব্যবহারের প্রাথমিক অবস্থায় সে দুশ্চিন্তাগ্রস্ত থাকলেও পরবর্তীতে তার জীবনের একমাত্র উদ্দেশ্য হয়ে দাঁড়ায় আরো ড্রাগ সংগ্রহ ও ব্যবহার। এভাবেই তার পরিণতি হয় মারাত্মক শারীরিক ও মানসিক জটিলতা, যার পরিণাম মৃত্যু।

আরবী 'খামার' যার বাংলা প্রতিশব্দ মাদক; মদ; মাদকতা; নেশাগ্রস্ততা ইত্যাদি। (মুহাম্মদ আলাউদ্দীন আল-আযহারী, ১৯৭২, পূর্ণমুদ্রণ ডিসেম্বর, ১৯৯৩,২/ ১২৬৯) মাদক শব্দের ইংরেজি প্রতিশব্দ হল: An intoxicant consisting of opium, used for smoking (মুহাম্মদ আলাউদ্দীন আল-আযহারী, ১৯৯৪, ৬৩৩ )

আর 'খামর' বা মদ এর ইংরেজি প্রতিশব্দ Wine, port; liquor, alcoholic beverage, (alcoholic) drink, intoxicant, inebriant, booze; alcohol, sprits ইত্যাদি। (ড.রুহী বা'লাবাক্কী, ১৯৮৮, ৫২৩) খামর' শব্দটির আভিধানিক অর্থ বিলুপ্ত করা, লুকিয়ে ফেলা।(মাওলানা আবুল ফযল আব্দুল হাফিজ, ১৩৭৯ হি. ১৯৬, বিবেক ও বুদ্ধিকে আচ্ছন্ন করে দেয় এমন সব কিছুই হল মাদক। (ড.মুহাম্মদ রুহুল আমীন ও মোহাম্মদ আবু জাফর খান, ২০০৪, ৩) যেহেতু মদ মানুষের বিবেক ও চেতনাকে বিলুপ্ত করে দেয়, তাই একে 'খামর' বা মদ নামে নামকরণ করা হয়েছে।(ইবনু মানজুর, ১৯৯৭, ৪/২১১)

মাদকাসক্তি একটি যুগল শব্দ, যার একটি হলো মাদক, অপরটি হলো আসক্তি। অর্থাৎ মাদক + আসক্তি = মাদকাসক্তি। মাদক শব্দটি মদ শব্দের বিশেষণ। মাদক অর্থ মত্ততা জন্মায় এমন (মাদক দ্রব্য)। আর মাদকতা (বি) অর্থ মত্ততা বা নেশা উৎপাদক শক্তি।(ড. মুহাম্মদ এনামুল হক, ২০০০, ৯২৫) আর ইংরেজি প্রতিশব্দে মাদক (Adj.) অর্থ intoxicating; inebriant; addictive; stupefying. অর্থাৎ DRUG; intoxicant (*Bengali-English Dictionary,* _2000, 659 ) আর আসক্তি হলো বিশেষ্য পদ। যার অর্থ গভীর অনুরাগ, লিপসা, পাওয়ার দুর্দমনীয় প্রত্যাশা। অর্থাৎ মাদকাসক্তি অর্থ হলো নেশা সৃষ্টিকারী দ্রব্যের প্রতি গভীর অনুরাগ বা পাওয়ার দুর্দমনীয় প্রত্যাশা। অন্য কথায় বলা যায়, যা পাবার জন্য মনপ্রাণ অস্থির হয়ে যায় তাই হলো মাদক বা নেশা। আরামদায়ক দ্রব্যের প্রতি যার আসক্তি রয়েছে তাকে বলে মাদকাসক্ত। (ড. মুহাম্মদ রুহুল আমিন, ২০০৪, ৩) যে কোন ধরনের নেশা বা আসক্তি সম্পর্কে বলা হয়েছে, আসক্তি হচ্ছে (Neurotransmission) এর স্ব-আবেশিত এমন এক পরিবর্তন যা সমস্যা সৃষ্টিকারী আচরণের জন্ম দেয়।(এ.কে নাজিবুল হক, ১৯৮৯,২০০)

মাদকাসক্তির পরিচয় সম্পর্কে অনেক মতামত পাওয়া যায়। নিম্নে গুরুত্বপূর্ণ কিছু মতামত তুলে ধরা হলো। ইমাম আযম আবু হানিফা (র.) বলেন, "মাদকাসক্তি বা নেশা হলো যার সাথে 'নিষেধাজ্ঞা' সম্পৃক্ত, যা জ্ঞানকে বিলুপ্ত করে, এমন কি মাতাল ব্যক্তি কোন কিছু বোঝে না, কথাবার্তায় স্বাভাবিক জ্ঞান থাকে না, পুরুষ ও মহিলার মধ্যে এবং ভু-মন্ডল ও নভোমন্ডলের মধ্যে পার্থক্য করতে পারে না। (ড. ওয়াহবা আয-যুহায়লী, ২০০৬, ৫৪৮৬)। ইমাম আবু ইউসুফ ও মুহাম্মদ (র.)-সহ অন্যান্য ইমামগণ বলেন, "মদমত্ততা বা মাতাল হল, যে উদ্দেশ্যহীন ও আবোল-তাবোল কথাবার্তায় বিজয়ী। কেননা সে মানুষের পরিচয় ও স্বভাবের ব্যাপারে মাতাল। নিশ্চয়ই মানুষের পরিচয়ের ব্যাপারে মাতাল হল এমন ব্যক্তির নাম যে উদ্দেশ্যহীন ও আবোল-তাবোল কথা বলে এবং যে অন্যের কাপড় থেকে নিজের কাপড় এবং অন্যের জুতা থেকে নিজের জুতা চিনেনা।" (আয-যুহায়লী, প্রাগুক্ত, পৃ. ৫৪৮৭)

(UNDCP) মাদকের যে সংজ্ঞা দিয়েছে তা হল Intoxication (N) : It is the state that results from the intake of a quantity of a substance which exceeds the individual's tolerance and produces behabioral and physical abnormalities (Department of Narcotics Control and United Nations International Drug Control Programme (UNDCP); Training package on Treatment and Rehabilitation of Drug Addicts. 42)

অর্থাৎ মাদক এমন এক উত্তেজক পদার্থ যা গ্রহণের ফলে ব্যাক্তির সহনশীল ক্ষমতা নষ্ট করে ব্যাক্তির শারীরিক ও আচরণগত অস্বাভাবিকতা তৈরি করে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) দৃষ্টিকোণ থেকে মাদকাসক্তি হল এ ধরনের অবিরাম বা পর্যায়ক্রমিক নেশাগ্রস্ত অবস্থা যাতে বাধ্যতামূলকভাবে ঐ সমস্ত উত্তেজক পদার্থ সেবন করার দরকার হয়। ক্রমাগত

ঐ উত্তেজক পদার্থের মাত্রা বৃদ্ধির প্রয়োজন হয়। নিজের প্রয়োজনের তাড়নায় যে কোন সাধু বা অসাধু উপায়েই হোক ঐ উত্তেজক পদার্থ সংগ্রহ করতে হয়, শারীরিক, মানসিক বা উভয়ভাবে এই উত্তেজক পদার্থের উপর নির্ভরতা বৃদ্ধি পায় এবং ক্রমাগতভাবে পারিবারিক ও সামাজিক সম্পর্কের অবনতি হতে থাকে। (সুকুমার সাহা, ১৯৯১.২)

বাংলাদেশের ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন অনুযায়ী, মাদকাসক্তিবলতে এমন একজন মাদকদ্রব্য গ্রহণকারীকে বুঝায় যে অভ্যাসগতভাবে মাদকদ্রবের উপর নির্ভরশীল, মাদকদ্রব্য সেবন কিংবা গ্রহণ যেন তার নিকট রোগাক্রান্ত ব্যক্তির ঔষধ সেবন তুল্য। মাদকদ্রব্য গ্রহণ তাকে আস্তে আস্তে মৃত্যুর দিকে, ধ্বংসের ও অবক্ষয়ের দিকে পলে পলে ঠেলে দেয়। (আব্দুল মতিন, ১৯৯৫, ৪)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

كل مسكر خمر وكل خمر حرام

হাদীস "সকল নেশা সৃষ্টিকারী বস্তুই 'খামর' এবং সকল নেশা সৃষ্টিকারী বস্তুই হারাম।(আবু দাউদ, আস-সুনান সুলাইমান ইবনু আল আশ-আস,২/৫১৮)।

উপরিক্ত সংজ্ঞাগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, যে সব প্রাকৃতিক, রাসায়নিক দ্রব্য বা উপাদান গ্রহণ করলে স্নায়বিক উত্তেজনা, কিছুটা মানসিক প্রশান্তি ও সাময়িক আনন্দ-উদ্দীপনার সৃষ্টি করে তাই মাদকদ্রব্য, আর বিভিন্ন মাদকদ্রব্যের প্রতি আসক্তি বা নির্ভরতাই হচ্ছে মাদকাসক্তি। মাদকাসক্তি এমন একটি অবস্থা যাতে ব্যবহৃত দ্রব্যের প্রতি ব্যবহারকারীর শারীরিক ও মানসিক নির্ভরতা জন্ম নেয়, এর প্রতি আকর্ষণ ও ব্যবহৃত মাত্রার পরিমাণ দিন দিন বৃদ্ধি পায় এবং আবেগ ও চিন্তার প্রক্রিয়াকে পরিবর্তনের মাধ্যমে ব্যক্তির আচরণে সক্রিয় প্রভাব বিস্তার করে। ড্রাগ ব্যবহারের প্রাথমিক অবস্থায় সে দুশ্চিন্তাগ্রস্ত থাকলেও পরবর্তীতে তার জীবনের একমাত্র উদ্দেশ্য হয়ে দাঁড়ায় আরো ড্রাগ সংগ্রহ ও ব্যবহার। এভাবেই তার পরিণতি হয় মারাত্মক শারীরিক ও মানসিক জটিলতা, যার পরিণাম মৃত্যু।

**মাদকাসক্তির আদি কথা**

মাদক দ্রব্যের প্রতি আকর্ষণ অতি পুরনো। অতীত কাল থেকে বিশেষ জনগোষ্ঠীর মধ্যে মাদকদ্রব্যের ব্যবহার প্রচলিত ছিল- কখনো নির্জলা আনন্দের উপাদান হিসেবে, কখনো বা ধর্মীয় উৎসবে। নৃ-বিজ্ঞানীদের মতে মাদকদ্রব্যের ব্যবহার মানব সভ্যতার প্রাচীনতম অভ্যাসগুলোর চাইতে পুরনো। হয় ঔষধ যোগাড় করতে অথবা শারীরিক, মানসিক বা উভয়ভাবে এই মাদক ক্রিয়ার উপর নির্ভরতা বৃদ্ধি পায় এবং ক্রমাগতভাবে পারিবারিক ও সামাজিক সম্পর্কের সাথে বৃত্তিমূলক দিকের অবনতি হতে থাকে। (এ.কে. এম মনিরুজ্জামান, ১৯৯৯,১) মাদকসেবীর বিবেক ও জ্ঞান-বুদ্ধি লোপ পায়, ফলে সে যা ইচ্ছা তা করতে পারে। এমনকি সে পরিবারের অন্য সদস্যদের জান-মাল ও অর্থের নিরাপত্তা, মান-সম্মান ও বংশীয় গৌরবের ঐতিহ্য বিনষ্ট করতে একচুলও কুণ্ঠাবোধ করে না। তাই মাদকাসক্তি শুধু মাদকাসেবীকেই ক্ষতিগ্রস্ত করে না, বরং পরিবারের অন্য সদস্যদেরও ক্ষতিগ্রস্ত করে। (মুহাম্মদ গোলাম মোস্তফা (সম্পা), ২০০৫, ১৫৭) মাদকাসক্তি মানুষের মধ্যে পারস্পরিক সহযোগিতা, সহমর্মিতা, সম্প্রীতি ও হৃদ্যতার বিচ্ছেদ ঘটায় এবং বৈরী ভাবের জন্ম দেয়। মহান আল্লাহ রাব্বুল আলামীন বলেন,

إِنَّمَا يُرِيدُ الشَّيْطَانُ أَن يُوقِعَ بَيْنَكُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ فِي الْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصُدَّكُمْ عَن ذِكْرِ اللَّهِ وَعَنِ الصَّلَاةِ ۖ فَهَلْ أَنتُم مُّنتَهُونَ

"নিশ্চয়ই শয়তান মদ ও জুয়া দ্বারা তোমাদের মধ্যে শত্রুতা ও বিদ্বেষ ঘটাতে চায় এবং তোমাদেরকে আল্লাহর স্মরণে ও সালাতে বাধা দিতে চায়। তবে কি তোমরা নিবৃত হবে না? (আল-কুরআন, ৫ ঃ

৯১) মাদকাসক্তির করাল গ্রাস থেকে শিক্ষিত সমাজও রেহাই পায়নি। এটি আমাদের জন্য বিরাট হুমকি যে, শিক্ষিতদের মধ্যে এক-তৃতীয়াংশ মাদক সেবন করছে, যা জাতিকে পঙ্গু করে দিতে পারে। (মুহাম্মদ গোলাম মোস্তফা (সম্পা), প্রাগুক্ত, পৃ. ১৬৪,) মদ সকল পাপ ও অশ্লীল কাজের উৎস।

একথা সত্য যে, কোন মানুষই অপরাধী হয়ে জন্ম নেয়না। বরং বিশেষ পরিবেশ পরিস্থিতিতে জীবনের বিশেষ সময় সে অপরাধ জগতে প্রবেশ করে। অধিকাংশ ক্ষেত্রে ঞবববহধমব-এ মাদকাসক্তির প্রাদুর্ভাব দেখা যায় এবং এটাই তার অপরাধ জগতে অনুপ্রবেশের হাতে খড়ি। মাদকদ্রব্য গ্রহণ করে বাস, ট্রাক, রেল, বিমান ইত্যাদি যানবাহন চালনা করলে মারাত্মক দুর্ঘটনা ঘটে, যার ফলে জান-মালের অনেক ক্ষতি হয়। নেশার অভ্যাস মানুষের বোধশক্তিকে দুর্বল করে দেয়, যার কারণে হত্যা, ডাকাতি, চুরি, ব্যভিচার, ছিনতাই, রাহাজানি, আত্মসাৎ ইত্যাদি ঘৃণ্য অপরাধ করতে দ্বিধাবোধ করে না। মার্কিন যুক্তরাষ্ট্রে ৪০ লাখ মানুষ নিয়মিত মাদকাসক্ত এবং আরো ৬০ লাখ মানুষ অনিয়মিত মদ পান করে। প্রতি বছর সড়ক দুর্ঘটনায় আমেরিকায় যে ২০ হাজার মানুষ মারা যায় তার জন্য এসব মদ্যপায়ীরাই মুলত দায়ী। আমেরিকায় বছরে ২৫ হাজার হত্যাকান্ড সংঘটিত হয়। তার পেছনেও রয়েছে মদ ও মাদকের অপব্যবহার। সম্প্রতি এক তথ্যমতে বাংলাদেশের জেলখানায় আটককৃত কয়েদিদের মধ্যে ৩৭% মাদকাসক্ত। (মুহাম্মদ গোলাম মোস্তফা (সম্পা), প্রাগুক্ত, পৃ. ১৬৪) মদের কুপ্রভাব সারা বিশ্বে প্রতিফলিত হচ্ছে। উল্লেখ্য যে, ফ্রান্স পৃথিবীর শীর্ষস্থানীয় মাদক উৎপাদনকারী দেশ। পৃথিবীর বার্ষিক মদের চাহিদা হচ্ছে চার শত পঞ্চাশ কোটি গ্যালন। চাহিদার এক চতুর্থাংশ উৎপাদন করে ফ্রান্স। ফ্রান্সের পর জার্মানীর অবস্থান। মদ রপ্তানীকারী দেশগুলোর মধ্যে আমেরিকার অবস্থান আট-এ। ৯০% মদ উৎপন্ন হয় ক্যালিফোর্ণিয়ায়। ইতালী, স্পেন, আল-জিরিয়া, পর্তুগাল, আর্জেন্টিনা, গ্রীস, যুগোশ্লাভিয়া, চিলি এবং দক্ষিণ আফ্রিকা হচ্ছে বিশ্বের অন্যতম মদ উৎপাদন, বিপণন ও রপ্তানীকারক দেশ। ১৯৮০ সালের প্রারম্ভে মার্কিন যুক্তরাষ্ট্র গড়ে বছরে প্রায় ১৮০ মিলিয়ন ব্যারেল মদ উৎপাদন করে। এই উৎপাদন ছিল বিশ্বের সর্বোচ্চ। (মুহাম্মদ গোলাম মোস্তফা, (সম্পা) প্রাগুক্ত, পৃ. ১৫৯)

**মাদকাসক্তি প্রতিরোধে আল-কুরআনের দর্শন**

মাদকাসক্তি থেকে বিরত রাখার জন্য প্রথমত মানসিক ও নৈতিকভাবে সংস্কার সাধন করা হয়েছে। পাশাপাশি পরকালের শাস্তির কথা কঠোর ভাষায় বর্ণনা করা হয়েছে। বিভিন্ন ভাষায় মদ্যপান থেকে বিরত রাখতে ভীতি প্রদর্শন করা হয়েছে। তারপরও যারা এহেন ঘৃণ্য কাজে জড়িত হবে তাদের জন্য ইহকালীন শাস্তির বিধান করা হয়েছে। মদকে হারাম করার পেছনে হেকমত হল, মুসলিমের দ্বীন, বিবেক, দৈহিক শক্তি ও সম্পদকে নিরাপদ রাখা। বিবেক হলো মানুষের মুকুট, ভাল-মন্দ, পবিত্র ও অপবিত্রতার মধ্যে পার্থক্য করার ভিত্তি। অনুরূপভাবে মদের নিষিদ্ধতা ইসলামী শিক্ষা সমূহের সাথে একাত্মতা ঘোষণা করে যা ব্যক্তি ও সামাজিক চরিত্র গঠনে এবং উন্নত সম্মানিত ব্যক্তিত্ব আবিস্কারের লক্ষ্য বস্তু হিসেবে কাজ করে। নিঃসন্দেহে মদ চরিত্রকে দুর্বল, ব্যক্তিকে ধ্বংস, কাঠামোকে হরণকারী, বিশেষ করে বিবেককে ধ্বংস করে দেয়। মানুষের বিবেক চলে গেলে সে নিকৃষ্ট পশুতে পরিণত হয়। তার থেকে বিশৃঙ্খলা, অশ্লীলতা, গোপনীয়তা প্রকাশ, মারাত্মকভাবে সব অসৎ চরিত্র প্রকাশিত হয়। সুতরাং হত্যা, শত্রুতা, অশ্লীলতা, দেশের খেয়ানত মদ পান থেকে হয়ে থাকে। ইসলামে মদকে নিষিদ্ধ হওয়ার বিষয়টি আলোচিত এক অনুপম নীতিমাদকাসক্তিকে নিষিদ্ধ করতে বিভিন্ন সময়ে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন নীতিমালা তৈরী করা হয়েছে। শাস্তির বিধান করা হয়েছে। কিন্তু কোনো সময়েই কার্যকরী বা ফলপ্রসু হয়নি। খোদ আমেরিকার মত দেশেও আইনের দ্বারা মাদকতা নিবারণের সকল প্রচেষ্ঠা ব্যর্থ হয়েছে। কিন্তু ইসলাম সহজ ও সাবলীলভাবে আকন্ঠ মাদকাসক্ত একটি জাতিকে মাদকমুক্ত করেছিল ইসলামী শরিয়ত মানুষের সংশোধনের জন্য শুধু আইনকেই পর্যাপ্ত মনে করেনি,

বরং আইনের পূর্বে তাদের মন-মস্তিষ্ককে প্রশিক্ষণের মাধ্যমে, ইবাদত-আরাধনা এবং পরকালের চিন্তা দিয়ে পরিবর্তন সাধন করে। আল্লাহ-ভীতি অর্জনে সহযোগিতা করে। যার ফলে রাসূলুল্লাহ (সা.) এর একটি মাত্র আহ্বানেই তারা স্বীয় জান-মাল, শান-শওকাত সবকিছু বিসর্জন দিতে প্রস্তুত হয়েছিল।

**মাদকদ্রব্য নিষিদ্ধের প্রেক্ষাপট**

আরব সমাজে মাদকদ্রব্যের ব্যবহার প্রাচীন যুগ থেকে চালু ছিল। তবে সবচেয়ে বেশী ব্যবহার ছিল জাহেলী যুগে। তৎকালে আরবরা মদ পান করাকে আভিজাত্যের প্রতীক মনে করত। এই মদে অতি সামান্য পরিমাণ উপকার রয়েছে বটে, তবে ক্ষতিকর দিক অত্যধিক। মদ নিষিদ্ধ হওয়া সম্পর্কে তিন পর্যায়ে চারটি আয়াত নাযিল হয়; সর্ব প্রথম সূরা বাক্বারার ২১৯ নং আয়াত নাযিল হয় :

يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ قُلْ فِيهِمَا إِثْمٌ كَبِيرٌ وَمَنَافِعُ لِلنَّاسِ وَإِثْمُهُمَا أَكْبَرُ مِنْ نَفْعِهِمَا
وَيَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ قُلِ الْعَفْوَ كَذَلِكَ يُبَيِّنُ اللهُ لَكُمُ الْآيَاتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُونَ

পরে সূরা নিসার ৪৩ নং আয়াত নাযিল হয় :

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لا تَقْرَبُوا الصَّلاةَ وَأَنْتُمْ سُكَارَى حَتَّى تَعْلَمُوا مَا تَقُولُونَ وَلا جُنُباً إِلا عَابِرِي
سَبِيلٍ حَتَّى تَغْتَسِلُوا وَإِنْ كُنْتُمْ مَرْضَى أَوْ عَلَى سَفَرٍ أَوْ جَاءَ أَحَدٌ مِنْكُمْ مِنَ الْغَائِطِ أَوْ لامَسْتُمُ النِّسَاءَ
فَلَمْ تَجِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيداً طَيِّباً فَامْسَحُوا بِوُجُوهِكُمْ وَأَيْدِيكُمْ إِنَّ اللهَ كَانَ عَفُوّاً غَفُوراً

ও সর্বশেষে সূরা মায়িদার ৯০ থেকে ৯২ নং আয়াত নাযিল হয় :

يا أَيُّهَا الَّذينَ آمَنوا إِنَّمَا الخَمرُ وَالمَيسِرُ وَالأَنصابُ وَالأَزلامُ رِجسٌ مِن عَمَلِ الشَّيطانِ فَاجتَنِبوهُ لَعَلَّكُم تُفلِحونَ -
إِنَّما يُريدُ الشَّيطانُ أَن يوقِعَ بَينَكُمُ العَداوَةَ وَالبَغضاءَ فِي الخَمرِ وَالمَيسِرِ وَيَصُدَّكُم عَن ذِكرِ اللهِ وَعَنِ الصَّلاةِ
فَهَل أَنتُم مُنتَهونَ فَإِن تَوَلَّيْتُمْ فَاعْلَمُواْ أَنَّمَا عَلَى رَسُولِنَا الْبَلاَغُ الْمُبِينُ

উল্লেখ্য, এ আয়াতগুলো দীর্ঘ বিরতির পর অবতীর্ণ হয়। যাতে আরবের লোকেরা এটি পরিত্যাগের জন্য মানসিক প্রস্তুতি গ্রহণ করতে পারে। ইতিমধ্যে ছাহাবীগণ এর ক্ষতিকর ও অকল্যাণকর দিক রাসূল (সা.) এর নিকট প্রকাশ করলেন। একদিন ওমর ইবনু খাত্তাব (রাঃ) মদ সম্পর্কে আল্লাহর কাছে প্রার্থনা করেন, : اللَّهُمَّ بَيِّنْ لَنَا فِي الْخَمْرِ بَيَانًا شَافِيًا

'হে আল্লাহ! আমাদেরকে মদ সম্পর্কে পরিস্কারভাবে জানিয়ে দিন।' (তাফসিরে ইবনে কাছির: ২/৩০৮)

পরে সূরা বাক্বারার ২১৯ নং এ আয়াত নাযিল হয়।

يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ قُلْ فِيهِمَا إِثْمٌ كَبِيرٌ وَمَنَافِعُ لِلنَّاسِ وَإِثْمُهُمَا أَكْبَرُ مِنْ
نَفْعِهِمَا وَيَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ قُلِ الْعَفْوَ كَذَلِكَ يُبَيِّنُ اللهُ لَكُمُ الْآيَاتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُونَ

তখন রাসূলুল্লাহ (সা.) তাকে ডেকে আয়াতটি শুনিয়ে দেন। এরপর ওমর (রাঃ) পূর্বের ন্যায় দো'আ করেন। অতঃপর সূরা নিসার ৪৩ নং এ আয়াত নাযিল হয়।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لا تَقْرَبُوا الصَّلاةَ وَأَنْتُمْ سُكَارَى حَتَّى تَعْلَمُوا مَا تَقُولُونَ وَلا جُنُباً إِلا عَابِرِي سَبِيلٍ
حَتَّى تَغْتَسِلُوا وَإِنْ كُنْتُمْ مَرْضَى أَوْ عَلَى سَفَرٍ أَوْ جَاءَ أَحَدٌ مِنْكُمْ مِنَ الْغَائِطِ أَوْ لامَسْتُمُ النِّسَاءَ فَلَمْ تَ
جِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيداً طَيِّباً فَامْسَحُوا بِوُجُوهِكُمْ وَأَيْدِيكُمْ إِنَّ اللهَ كَانَ عَفُوّاً غَفُوراً

একইভাবে রাসূলুল্লাহ (সা.) তাঁকে ডেকে আয়াতটি শুনিয়ে দেন। কিন্তু ওমর (রাঃ) পূবের্র ন্যায় আবারও দো'আ করেন। তখন সূরা মায়িদার ৯০-৯২ নং এ আয়াত নাযিল হয়।

يا أَيُّهَا الَّذينَ آمَنوا إِنَّمَا الخَمرُ وَالمَيسِرُ وَالأَنصابُ وَالأَزلامُ رِجسٌ مِن عَمَلِ الشَّيطانِ فَاجتَنِبوهُ لَعَلَّكُم تُفلِحونَ - إِنَّما يُريدُ الشَّيطانُ أَن يوقِعَ بَينَكُمُ العَداوَةَ وَالبَغضاءَ فِي الخَمرِ وَالمَيسِرِ وَيَصُدَّكُم عَن ذِكرِ اللَّهِ وَعَنِ الصَّلاةِ ۖ فَهَل أَنتُم مُنتَهونَ فَإِن تَوَلَّيْتُمْ فَاعْلَمُواْ أَنَّمَا عَلَى رَسُولِنَا الْبَلاَغُ الْمُبِينُ

এ আয়াতদ্বয়ের কথা ও রাসূলুল্লাহ (সা.) ওমর (রাঃ)-কে ডেকে শুনিয়ে দেন। তখন ওমর (রাঃ) আনন্দচিত্তে বলে উঠলেন, 'এখন আমরা বিরত হ'লাম' (অর্থাৎ আর দাবী করব না) সূরা মায়িদার অত্র আয়াতে মদ নিষিদ্ধের পক্ষে ৭টি দলীল রয়েছে। যথা- (১) মদ নাপাক বস্তু (২) এটা শয়তানী কাজ, যা করা নিষিদ্ধ (৩) 'তোমরা এ থেকে বিরত হও'। আল্লাহ যা থেকে বিরত থাকতে বলেন, তা নিঃসন্দেহে হারাম (৪) 'যাতে তোমরা কল্যাণ প্রাপ্ত হও'। অর্থাৎ যা থেকে বিরত থাকার মধ্যে কল্যাণ রয়েছে, তা অবশ্যই নিষিদ্ধ (৫) শয়তান মদ ও জুয়ার মাধ্যমে তোমাদের পরস্পরের মধ্যে শত্রুতা ও বিদ্বেষ সৃষ্টি করতে চায়'। অর্থাৎ যার মাধ্যমে এগুলো সৃষ্টি হয়, তা নিঃসন্দেহে হারাম (৬) এটা আল্লাহর স্মরণ ও ছালাত থেকে তোমাদেরকে বিরত রাখে'। যার মাধ্যমে শয়তান এই দুষ্কর্ম গুলো করে, তা অবশ্যই নিষিদ্ধ (৭) 'অতএব তোমরা কি নিবৃত্ত হবেনা'? অর্থাৎ আল্লাহ স্বীয় বান্দাদের যে কাজ হ'তে বিরত থাকতে নির্দেশ দিয়েছেন, তা নিঃসন্দেহে হারাম'।

এ আয়াতের প্রেক্ষাপট আলোচনা করতে গিয়ে ইমাম কুরতুবি রাহি.লিখেন :

تَحْرِيمُ الْخَمْرِ كَانَ بِتَدْرِيجٍ وَنَوَازِلَ كَثِيرَةٍ، فَإِنَّهُمْ كَانُوا مُولَعِينَ بِشُرْبِهَا، وَأَوَّلُ مَا نَزَلَ فِي شأنها" يَسْئَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ قُلْ فِيهِما إِثْمٌ كَبِيرٌ وَمَنافِعُ لِلنَّاسِ" البقرة : 219] أَيْ فِي تِجَارَتِهِمْ، فَلَمَّا نَزَلَتْ هَذِهِ الْآيَةُ تَرَكَهَا بَعْضُ النَّاسِ وَقَالُوا: لَا حَاجَةَ لَنَا فِيمَا فِيهِ إِثْمٌ كَبِيرٌ، وَلَمْ يَتْرُكْهَا بَعْضُ النَّاسِ وَقَالُوا: نَأْخُذُ مَنْفَعَتَهَا وَنَتْرُكُ إِثْمَهَا فَنَزَلَتْ هَذِهِ الْآيَةُ" لَا تَقْرَبُوا الصَّلاةَ وَأَنْتُمْ سُكارى "[ النساء: 43] فَتَرَكَهَا بَعْضُ النَّاسِ وَقَالُوا: لَا حَاجَةَ لَنَا فِيمَا يَشْغَلُنَا عَنِ الصَّلَاةِ، وَشَرِبَهَا بَعْضُ النَّاسِ فِي غَيْرِ أَوْقَاتِ الصَّلَاةِ حَتَّى نَزَلَتْ:" يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنْصابُ وَالْأَزْلامُ رِجْسٌ" الْآيَةَ- فَصَارَتْ حَرَامًا عَلَيْهِمْ حَتَّى صَارَ يَقُولُ بَعْضُهُمْ: مَا حَرَّمَ اللَّهُ شَيْئًا أَشَدَّ مِنَ الْخَمْرِ. وَقَالَ أَبُو مَيْسَرَةَ: نَزَلَتْ بِسَبَبِ عُمَرَ بْنِ الْخَطَّابِ، فَإِنَّهُ ذَكَرَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عُيُوبَ الْخَمْرِ يَنْزِلُ بِالنَّاسِ مِنْ أَجْلِهَا، وَدَعَا اللَّهُ فِي تَحْرِيمِهَا وَقَالَ: اللَّهُمَّ بَيِّنْ لَنَا فِي الْخَمْرِ بَيَانًا شَافِيًا فَنَزَلَتْ هَذِهِ الْآيَاتُ، فَقَالَ عُمَرُ: انْتَهَيْنَا انْتَهَيْنَا. وَقَدْ مَضَى فِي" الْبَقَرَةِ" وَ" النِّسَاءِ".

অর্থাৎ মদ ধীরে ধীরে অনেকগুলো স্তরে হারাম হয়েছে। মদের ব্যাপারে প্রথমে সূরা বাকারার ২১৯ নং আয়াত অবতীর্ণ হয়েছে। উক্ত আয়াত অবতীর্ণ হওয়ার পর কিছু মানুষ এমনিতে মদ ছেড়ে দেয়। তারা বলল, যে জিনিসে আমাদের ক্ষতি বেশি, সে জিনিস আমাদের দরকার নেই। কিন্তু কিছু লোক মদপান ছাড়ল না। তারা বলল, আমরা ক্ষতির দিক দিয়ে বাদ দিয়ে লাভের দিক গ্রহণ করব। আল্লাহ তাআলা তখন সূরায়ে মায়িদার ৪৩ নং আয়াত অবতীর্ণ করেন। তখন আরও কিছু মানুষ মদপান ছেড়ে দিল।

তারা বলল, যে জিনিস আমাদের নামাজের বিঘ্ন ঘটায়, সে জিনিস আমরা পান করার দরকার নেই। কিন্তু কিছু মানুষ দেখা গেল, নামাজের সময় ব্যতিত অন্যান্য সময় মদপান করছে। আল্লাহ তাআলা তখন সূরায়ে মায়িদার আয়াত দ্বারা মদকে চূড়ান্তভাবে হারাম করে দেন। আবু মাইসারা বলেন, সূরায়ে মায়িদার আয়াত অবতীর্ণ হয়েছিল উমর রাযি. এর কারণে। তিনি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে মদের খারাপ দিকগুলো তুলে ধরলেন এবং দোয়া করলেন, হে আল্লাহ, আমাদের জন্য মদের ব্যাপারটি একেবারে স্পষ্ট করে দিন। আল্লাহ তাআলা তখন সূরায়ে মায়েদার আয়াত অবতীর্ণ করেন। (তাফসিরে কুরতুবি: ৬/২৮৫০)

**মাদকদ্রব্য সম্পর্কে ইসলামের নির্দেশনা**

ইসলামে সকল প্রকার মাদকদ্রব্য স্থায়ীভাবে হারাম। কুরআন ও সুন্নাহ ইসলামের এই দুইটি উৎসই এ বিষয়ে অত্যন্ত বলিষ্ঠভাবে এই কথা ঘোষণা করেছে এবং রাসূলে করীম (সা.) এর সময় থেকে আজ পর্যন্ত সমগ্র মুসলিম উম্মাহ এ ব্যাপারে সম্পূর্ণ একমত। এ বিষয়ে কোনো ইসলাম বিশেষজ্ঞই এক বিন্দু ভিন্নমত প্রকাশ করেননি, দুনিয়ার মুসলিমদের মধ্যে এ নিয়ে এখন পর্যন্ত কোনো মতভেদ সৃষ্টি হয়নি। (মুহাম্মদ আবদুর রহীম, ২০০৭, ২৩৬)

আল কুরআনে মহান আল্লাহ রাব্বুল আলামীন মাদককে চিরতরে হারাম ঘোষণা করে বলেন :

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنصَابُ وَالْأَزْلَامُ رِجْسٌ مِّنْ عَمَلِ الشَّيْطَانِ فَاجْتَنِبُوهُ لَعَلَّكُمْ تُفْلِحُونَ
- إِنَّمَا يُرِيدُ الشَّيْطَانُ أَن يُوقِعَ بَيْنَكُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ فِي الْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصُدَّكُمْ عَن ذِكْرِ اللَّهِ وَعَنِ الصَّلَاةِ ۖ فَهَلْ أَنتُم مُّنتَهُونَ

"হে ঈমানদারগণ! নিশ্চয়ই মদ, জুয়া, মূর্তিপূজার বেদী ও ভাগ্য নির্ণায়ক তীর ঘৃণ্য বস্তু, শয়তানী কার্যকলাপ। সুতরাং তোমরা তা পরিহার করো, তাহলেই তোমরা সফলকাম হবে। নিশ্চয়ই শয়তান মাদকদ্রব্য ও জুয়ার সাহায্যে তোমাদের মধ্যে শত্রুতা ও হিংসা ছড়াতে এবং তোমাদেরকে আল্লাহর স্মরণে ও নামায পড়তে বাধা দিতে চায়। তোমরা কি বিরত থাকবে না।"। (আল-কুরআন, ৫:৯০-৯১)

এ আয়াতটি নাযিল হওয়ার পর নবী করীম (সা.) ঘোষণা করেন :

إن الله تعالى حرم الخمر فمن أدركته هذه الآية وعنده منها شيء فلا يشرب ولا يبع

অর্থ, নিশ্চয়ই আল্লাহ তা'আলা মদ হারাম করেছেন। সুতরাং যার নিকট এ আয়াত পৌছায়, আর তার কাছে মদের কিছু পরিমাণ অবশিষ্ট থাকে, সে যেনো তা পান না করে এবং বিক্রিও না করে।" (মুসলিম ইবনুল হাজ্জাজ, আবুল হুসাইন, ১৯৯৮,৪০৪৩/৬৭)

এ প্রসঙ্গে রাসুলুল্লাহ (সা.) এর উল্লেখযোগ্য কয়েকটি হাদীস নিম্নে উল্লেখ করা হলো :

كل مسكر خمر وكل خمر حرام

"প্রত্যেক নেশা সৃষ্টিকারী দ্রব্যই মদ, আর যাবতীয় মদ হারাম"। (মুসলিম ইবনুল হাজ্জাজ, আবুল হুসাইন, কিতাবুল আশরিবাহ, হাদীস নং ৩/ ২০০৩)

عن عائشة رضي الله عنها قالت سمعت رسول الله ﷺ يقول كل مسكر حرام وما اسكر منه
الفرق فملء الكف منه حرام

"হযরত আয়িশা (রা.) বলেন, আমি রাসুলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, সব নেশার জিনিসই হারাম। আর যে বস্তুর কয়েক রতি পরিমাণও নেশাগ্রস্ত করে তার এক অঞ্জলি পরিমাণও হারাম"। (আবু দাউদ আস-সুনান সুলাইমান ইবনু আল আশ-আস, হাদীস নং ৩৬৮৭,)।

كل شراب اسكر فهو حرام

"সব নেশা জাতীয় পানীয় হারাম"। (আল বুখারী মুহাম্মদ ইবনু ইসমাঈল, কিতাবুল উযু, হাদীস নং ২৪২।)

عن ابن عباس رضى الله عنهما قال فما اسكر فهو حرام -قال الشراب حلال الطيب-قال ليس بعد حلال الطيب الا الحرام الخبيث

"ইবন আব্বাস (রা.) বলেন, যে জিনিস নেশা সৃষ্টি করে তাই হারাম। প্রশ্নকারী জিজ্ঞেস করলো, হালাল ও পবিত্র পানীয়? তিনি বলেন, হালাল ও পবিত্র পানীয় ব্যতীত অন্যান্য পানীয় ঘৃণ্য ও হারাম"। (আল বুখারী মুহাম্মদ ইবনু ইসমাঈল কিতাবুল আশরিবা, হাদীস নং ৫৫৯৮।)

মোটকথা মাদকদ্রব্য মাত্রই যে ইসলামে হারাম তা কুরআন ও হাদীসের স্পষ্ট ঘোষণা থেকেই প্রমাণিত। এ ব্যাপারে এর পরিমাণের উপর মোটেই দৃষ্টি দেয়া হয়নি। কাজেই তার পরিমাণ কম হোক কি বেশি হোক উভয় অবস্থায়ই তা হারাম। রাসুলুল্লাহ (সা.) বলেছেন-

عن جابر ابن عبد الله ان رسول الله ﷺ قال ما اسكر كثيره فقليله حرام

"যে জিনিস অধিক পরিমাণ পান করলে নেশা সৃষ্টি করে, তার অল্প পরিমাণও হারাম"। (তিরমিযি মুহাম্মদ ইবনু ঈসা, কিতাবুল আশরিবাহ, ২০০৮, হাদীস নং ১৮৬৫)

অতএব, নেশার জিনিস হওয়ার ক্ষেত্রে স্থান, কাল, পাত্র, ধরণ ও পরিমাণের প্রশ্ন তোলার কোনো অবকাশ নেই। কি দিয়ে তৈরী, দেশি না বিদেশী, কম বা বেশীর প্রশ্ন কিংবা উপকারের দোহাই দেয়ার কোনো সুযোগ নেই। ইসলামে মাদকদ্রব্য মাত্রই হারাম। কোনো ব্যক্তি মদ বা নেশা জাতীয় বস্তুকে হালাল মনে করলে সে কাফির হয়ে যায়। মদ পান করা কবীরাহ গুনাহ। তাওবা ছাড়া এ গুনাহ মাফ হয় না।

**মাদকের ব্যবসা ও মাদকের সহায়তা করা সম্পর্কে ইসলামের নির্দেশনা**

ইসলাম শুধু যে মাদককে হারাম করেছে তাই নয়, মাদকের উৎপাদন-বিপণন, ক্রয়-বিক্রয়, আমদানি-রপ্তানি, মাদকের ব্যবসা তথা মদকে কেন্দ্র করে যা কিছু করা হয় বা করার প্রয়োজন হয়, তার সব কিছুই সম্পূর্ণ হারাম। হযরত আবু সাঈদ খুদরী (রা.) বলেন, আমি মদীনায় রাসূলুল্লাহ (সা.)-কে ভাষণ দিতে শুনেছি :

يا أيها الناس ان الله تعالى يعرض بالخمر ولعل الله سينزل فيها أمراً فمن كان عنده منها شيء فليبعه ولينتفع به قال فما لبثنا إلا يسيرا حتى قال النبي ﷺ ان الله تعالى حرم الخمر فمن أدركته الأيه وعنده منها شيء فلا يشرب ولا يبع قال فاستقبل الناس بما كان عندهم منها في طريق المدينة فسفكوها-

"হে মানবমন্ডলী! আল্লাহ তা'আলা মদ (হারাম হওয়া) সম্পর্কে ইঙ্গিত দিয়েছেন। হয়ত আল্লাহ তা'আলা অচিরেই এ ব্যাপারে সুস্পষ্ট বিধান নাযিল করবেন। কাজেই তোমাদের যার নিকট এর কিছু অবশিষ্ট আছে, সে যেনো তা বিক্রি করে দেয় বা কোনো কাজে লাগায়। রাবী বলেন, এরপর সামান্য সময় অতিবাহিত হতে না হতেই নবীজী (সা.) বললেন, নিশ্চয়ই আল্লাহ মদ হারাম করেছেন। সুতরাং যার নিকট এ আয়াত পৌছায়, আর তার কাছে মদের কিছু পরিমাণ অবশিষ্ট থাকে সে যেনো তা পান

না করে এবং বিক্রিও না করে। রাবী বলেন, লোকদের যার কাছে এর যতটুকু ছিল তা নিয়ে মদীনার রাস্তায় বেরিয়ে আসল এবং তা ঢেলে ফেলে দিলো"।
(মুসলিম ইবনুল হাজ্জাজ, আবুল হুসাইন,, মুসাকাত, বাব তাহরীমি বায়'ইল খামর, হাদীস নং ৪০৪৩/৬৭)

عن عبد الرحمن بن علة السباءى من أهل مصر أنه سال عبد الله بن عباس عما يعصر من العنب فقال ابن عباس ان رجلا اهدي لرسول الله ﷺ راوية خمر فقال له رسول الله صلى الل ه عليه وسلم هل علمت ان الله تعالى قد حرمها قال لا فسار إنسانا فقال له رسول الله صلى الل ه عليه وسلم بم ساررته فقال امرته ببيعها فقال ان الذي حرم شربها حرم بيعها قال ففتح المزادة حتى ذهب ما فيها-

"আবদুর রহমান ইবনে ওয়া'লাহ আস-সাবায়ী (র.) থেকে বর্ণিত। তিনি ছিলেন মিসরের লোক। তিনি আবদুল্লাহ ইবন আব্বাস (রা.)-কে আঙ্গুর ফল নিংড়ানো রস (মদ) সম্পর্কে জিজ্ঞেস করলেন। ইবনে আব্বাস (রা.) বললেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ (সা.)-কে এক মশক মদ উপঢৌকন দিলো। রাসূলুল্লাহ (সা.) তাকে বললেন, তুমি কি জানো, আল্লাহ তা'আলা তা হারাম করেছেন? সে বললো, না। অতঃপর সে এক ব্যক্তির সাথে কান-পরামর্শ করে। রাসূলুল্লাহ (সা.) তাকে জিজ্ঞেস করলেন, তুমি এর সাথে চুপি চুপি কী বলেছ? সে বললো, আমি তাকে এটা বিক্রি করে দেয়ার পরমার্শ দিয়েছি। তিনি বললেন, যেই সত্তা মদপান হারাম করেছেন, তিনি তার ক্রয়-বিক্রয়ও হারাম করেছেন। ইবনে আব্বাস (রা.) বলেন, অতঃপর সে পাত্রের মুখবন্ধন খুলে দিলো এবং এর মধ্যে যা ছিল তা গড়িয়ে পড়ে গেলো"। (মুসলিম ইবনুল হাজ্জাজ, আবুল হুসাইন, হাদীস নং ৪০৪৪/৬৮)
হযরত আয়িশা (রা.) বলেন,

لما انزلت الآيات من اخر سورة البقرة في الربا قالت خرج رسول الله ﷺ إلى المسجد فحرم التجارة في الخمر-

"যখন সুদ সংক্রান্ত সুরা বাকারার শেষের আয়াতগুলো নাযিল হয়, তখন রাসূলুল্লাহ (সা.) মসজিদে চলে গেলেন এবং মদের ব্যবসা হারাম ঘোষণা করলেন"।(মুসলিম ইবনুল হাজ্জাজ, আবুল হুসাইন, হাদীস নং ৪০৪৭/৭০) এখানে প্রশ্ন হতে পারে, সুদের আয়াতের সাথে মদের সম্পর্ক কি? মূলত যেসব আয়াতে মদের কথা এসেছে তাতে শুধু মদপান সম্পর্কে আলোচনা করা হয়েছে, এর ব্যবসা সম্পর্কে কিছুই বলা হয়নি। পক্ষান্তরে আল্লাহ তা'আলা সুদ সম্পর্কিত আলোচনায় সুদ হারাম করার সাথে সাথে এর ব্যবসাও হারাম করেছেন। এ থেকে যে মূলনীতি পাওয়া যায় তা হচ্ছে, "যে জিনিসের ব্যবহার হারাম তার ক্রয়-বিক্রয় তথা ব্যবসা-বাণিজ্যও হারাম।" তাই সুদের আয়াত নাযিল হওয়ার সাথে সাথে রাসূলুল্লাহ (সা.) মদের ব্যবসাও হারাম ঘোষণা করেন। একদা নবী করীম (সা.)- কে জিজ্ঞেস করা হয়েছিল, মদ বিক্রির অর্থ দিয়ে কিছু করা যাবে কি না? উত্তরে তিনি বলেছিলেন, ইহুদীরা তাদের গরু-ছাগলের চর্বি হারাম হওয়ার পরও তা সংগ্রহ করে বিক্রি করতো। তাতে তারা আল্লাহর লানত কুড়ায়। আল্লাহর শপথ! আল্লাহ তা'আলা মদ ও এর মূল্য হারাম করেছেন। (ইমাম আহমদ ইবনু হাম্বল, ১ খন্ড, পৃ. ২৪৭,হাদীস নং ২২২১; পৃ. ২৯৪ হাদীস,নং ২৬৭৮,পৃ. ৩২২,হাদীস নং ২৯৬৩) এ হাদীসে মদ্যপায়ীর উপর রাসূলুল্লাহ (সা.)-এর লানত বর্ষণের কথা বলা হয়েছে। কিন্তু মদ্যপায়ীর উপর আল্লাহ তা'আলার লা'নতও বর্ষিত হয়। এ মর্মে হযরত আবদুল্লাহ ইবনে উমর (রা.) থেকে হাদীস বর্ণিত আছে। রাসূলুল্লাহ (সা). বলেন

لعن الله الخمر وشاربها وساقيها وبائعها ومبتاعها وعاصرها ومعتصرها و حاملها والمحمولة اليه-

"আল্লাহ তা'আলা অভিশাপ বর্ষন করেছেন মদের উপর, মদ্যপায়ীর উপর, মদ পরিবেশনকারীর উপর, তা বিক্রয়কারী ও ক্রয়কারীর উপর, তা উৎপাদনকারীর উপর, তা যে উৎপাদন করায় তার উপর, তা বহনকারীর উপর এবং তা যার জন্যে বহন করে নিয়ে যাওয়া হয় তার উপর"। (আবু দাউদ আস-সুনান সুলাইমান ইবনু আল আশ-আস, কিতাবুল আশরিবাহ, হাদীস নং ৩৬৭৪।) রাসূলুল্লাহ (সা.) মদের সাথে সংশ্লিষ্ট দশ ব্যক্তিকে অভিশাপ দিয়েছেন। এ মর্মে হাদীসে বর্ণিত আছে।

لعن رسول الله ﷺ في الخمر عشرة عاصرها و معتصرها والمعصورة له وحاملها والمحمولة له و بائعها والمبيو
عة له وساقيها والمستقاةله حتى عد عشرة من هذا الضرب

রাসূলুল্লাহ (সা.) মদের সাথে সংশ্লিষ্ট দশ ব্যক্তিকে অভিশাপ দিয়েছেন। তারা হচ্ছে- মদ্যপায়ী, উৎপাদনকারী, বাজারজাতকারী, বহনকারী, পরিবেশনকারী, বিক্রেতা, মূল্যগ্রহণকারী, সেই মূল্যভোগকারী, ক্রেতা ও যার জন্য তা ক্রয় করা হয়।( ইবনু মাজাহ, আস-সুনান, কিতাবুল আশরিবা হাদীস নং ৩৩৮১) মাদকের ব্যাপারে ইসলাম যে কতো কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে তা রাসূলুল্লাহ (সা.)-এর হাদীসসমূহ থেকেই অনুমেয়। ফকীহগণের মতে, মুসলিম দেশে অমুসলিমদের প্রকাশ্যে মদের ব্যবসায় অনুমতি দেয়া এবং এর সুযোগ প্রদান করা জায়েয নয়। মিসরের গ্রান্ড মুফতী শায়খ আব্দুল মাজীদ সালীম (র.) কে নিম্নে বর্ণিত বিষয়গুলো সম্পর্কে শরীআতের হুকুম কী তা জিজ্ঞেস করা হয়, যেমন-চেতনানাশক দ্রব্যাদির লেনদেন, চেনতানাশক দ্রব্যাদির ব্যবসা, ক্রয়-বিক্রয় অথবা ব্যবসার উদ্দেশ্যে প্রস্তুত করা, উৎপাদন করা ইত্যাদি এবং এ ব্যবসা থেকে লব্ধ অর্থের অবস্থা কী? তিনি এর জবাবে বলেন, এতে কোনো সন্দেহের অবকাশ নেই যে, চেতনানাশক দ্রব্যাদির লেনদেন হারাম। কেননা এতে শারীরিক ক্ষতি এবং বহুবিধ ফাসাদ সৃষ্টি হয়। এ সকল দ্রব্য জ্ঞান লোপ করে, শরীরের ক্ষতিসাধন করে। কাজেই শরীআত এসব দ্রব্যের লেনদেনেরও অনুমোদন দেয় না। এ ছাড়া এগুলোর চেয়ে কম ক্ষতিকর বস্তুও হারাম। আর এ কারণেই কোনো কোনো হানাফী আলেম বলেন, চেতনানাশক দ্রব্যাদির ব্যবসা-বাণিজ্যও হারাম, এতে আল্লাহ তা'আলার নাফরমানীমূলক কাজে সহায়তা করা হয়। আর এ সহায়তা করাও হারাম। মাদকদ্রব্য তৈরির উদ্দেশ্যে, আফিম ইত্যাদি উৎপাদন করাও সম্পূর্ণ হারাম আর এসব দ্রব্য থেকে লব্ধ অর্থও হারাম, অবৈধ।

**মাদকদ্রব্য সেবনের ক্ষতিকর দিক সমূহ**

বর্তমান বিশ্বে যুদ্ধ, ভূমিকম্প বা প্রাকৃতিক বিপর্যয়ের চেয়ে মাদকাসক্তির ভয়াবহতা আরও মারাত্মক ও ভয়ংকর। একটি পরিবারে বা সমাজে অশান্তি ও বিশৃংখলা সৃষ্টির জন্য একজন মাদকাসক্ত ব্যক্তিই যথেষ্ট। মাদকদ্রব্য বিষয়ক বিশিষ্ট এক অমুসলিম গবেষক 'মার্ক এস গোল্ড' মদের বিভিন্ন ক্ষতিকর দিক বলতে গিয়ে নিম্নোক্ত বিষয়গুলো তুলে ধরেছেন।

**১. শারীরিক ক্ষতি :**

মাদকদ্রব্য সেবনে সবচেয়ে মারাত্মক ক্ষতি হ'ল মানুষের শারীরিক ক্ষতি, যে কারণে একজন মানুষের শরীর ক্রমে ক্রমে মৃত্যুর কোলে ঢলে পড়ে। মাদকদ্রব্য সেবনে মানুষ দৈহিক যে সমস্ত ক্ষতির সম্মুখীন হয় তা হ'ল (১) লিভার প্রসারিত হওয়া (২) মুখমন্ডল ফুলে যাওয়া ও বিকৃত হওয়া (৩) মাদকদ্রব্যের প্রতি সংবেদনশীলতা হ্রাস-বৃদ্ধি পাওয়া (৪) মুখ ও নাক লাল হওয়া (৫) মুখমন্ডল সহ সারা শরীরে কালশিরে পড়া (৬) হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হওয়া (৭) বুক ও ফুসফুস নষ্ট হওয়া (৮) স্মরণশক্তি কমে

যাওয়া (৯) যৌনশক্তি কমে যাওয়া (১০) চর্ম ও যৌন রোগ বৃদ্ধি পাওয়া (১১) স্ত্রীর গর্ভে ঔরসজাত সন্তান বিকলাঙ্গ বা নানারোগে আক্রান্ত হয়ে জন্ম নেয়া (১২) হঠাৎ চোখে কম দেখা (১৩) নাসিকার বিল্লি ফুলে উঠা (১৪) ব্রংকাইটিস রোগ বৃদ্ধি সহ বুকের নানা সমস্যা দেখা দেয়া (১৫) সংক্রামক রোগ বৃদ্ধি পাওয়া (১৬) হজমশক্তি হ্রাস পাওয়া ও খাবারের প্রতি রুচি কমে যাওয়া (১৭) দীর্ঘ সময় ধরে ঠাণ্ডা ও ফুসফুসে আক্রান্ত হওয়া (১৮) হঠাৎ শিউরে উঠা (১৯) অপুষ্টিতে আক্রান্ত হওয়া (২০) স্মৃতিশক্তির কোষ ধ্বংস করা। ধুমপান ও তামাকজাত দ্রব্য গ্রহণের ফলে ফুসফুস ও মুখগহ্বরে ক্যান্সার সহ ২৫ প্রকার রোগ সৃষ্টির সম্ভাবনা থাকে এবং এদের পাশে অধূমপায়ীরা অবস্থান করলে ঐসব রোগে আক্রান্ত হওয়ায় প্রায় ৩০ শতাংশ ঝুঁকির মধ্যে থাকে।

**২. মানসিক ক্ষতি :**

মাদকাসক্ত ব্যক্তিদের অন্যতম আরেকটি ক্ষতি হ'ল মানসিক ভারসাম্যহীনতা। যে কারণে প্রায় আপনজনকেও চিনতে পারে না। স্ত্রী, সন্তান, বাবা-মাকেও চিনতে ভুল করে। ফলে পরিবারে অশান্তি নেমে আসে। অন্যান্য মানসিক ক্ষতির দিক হ'ল- (১) স্মৃতিশক্তি নষ্ট হওয়া (২) পাগলামী করা (৩) নিজের ভারসাম্য হারিয়ে ফেলা (৪) উদ্বিগ্নতা ও হতাশগ্রস্ত হওয়া (৫) অমনোযোগিতা (৬) মাথা ঘোরা (৭) অসংলগ্ন কথা বলা (৮) চিত্তবৈকল্য (৯) দৃষ্টিভ্রম হওয়া (১০) অনিদ্রা (১১) নপুংসক হয়ে যাওয়া (১২) খাবারের প্রতি অনীহা (১৩) খিটখিটে মেযাজ ও অলসতা (১৪) আপনজনদের প্রতি অনাগ্রহ ও স্নেহ-ভালবাসা কমে যাওয়া ইত্যাদি।

**৩. পারিবারিক ও সামাজিক ক্ষতি :**

মাদকাসক্তের সবচেয়ে একটি বড় ক্ষতি হচ্ছে পারিবারিক ও সামাজিক ক্ষেত্রে। কারণ যে পরিবারে মাদকাসক্ত ব্যক্তির অনুপ্রবেশ ঘটেছে, সে পরিবারে কোন সুখ-শান্তি থাকে না। দিন-রাত সেখানে মারামারি-কাটাকাটি লেগেই থাকে। তার নেশার প্রয়োজনীয় অর্থ যোগান দিতে না পারলে পরিবারের সদস্যদের অলংকার ও টাকা-পয়সা চুরি; সেটা না পারলে আত্মীয় স্বজনদের কাছ থেকে জোর করে অস্ত্র দেখিয়ে অর্থ নিয়ে তার চাহিদা মেটায়। যদি তাও সম্ভব না হয় তখন সে সমাজে, রাস্তা-ঘাটে চুরি, ছিনতাই, ডাকাতি প্রভৃতি অপকর্ম শুরু করে। সমাজে চলে চরম বিশৃংখলা ও অশান্তি এবং সাধারণ মানুষের মধ্যে সৃষ্টি হয় আতংক এর দ্বারা আত্মীয়তার সম্পর্ক বিনষ্ট হয়ে থাকে। এদের দ্বারাই খুন-খারাবীর মত ঘটনা ঘটে থাকে। আর এ সুযোগে অনেকে এ ধরণের লোককে টাকার বিনিময়ে ভাড়াটে খুনী হিসাবে কাজে লাগায়। পরিবার ও সমাজ ব্যবস্থা একেবারে ভেঙ্গে পড়ার উপক্রম হয়। এখন সন্ত্রাসী, কালোবাজারি, চোরাকারবারি, নেশাখোরদের অত্যাচার চরম পর্যায়ে পৌঁছে। কেউ ভয়ে মুখ খুলতে পারছে না। জ্ঞানী-গুণী বা সম্মানী মানুষের কোন মান-ইজ্জত নেই। যা অত্যন্ত লজ্জাকর বিষয় হয়ে দাঁড়িয়েছে।

**মাদকাসক্তি বিস্তারের সাধারণ কারণ**

আমাদের সমাজে মাদকাসক্তি বিস্তারের ক্ষেত্রে অনেকগুলো কারণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমাজে ধর্মীয় অনুশাসন পালনের ক্ষেত্রে শিথিলতা ও অনেক ক্ষেত্রে অবচেতন হওয়ার কারণে অনেকেই মাদকাসক্তির প্রতি ঝুঁকে পড়ছে। মাদকের সাথে সম্পৃক্ত হওয়ার ক্ষেত্রে যে কারণগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে নিম্নে সে কারণগুলো তুলে ধরা হলো।

**১। ধর্মীয় মূল্যবোধের অভাব :**

আমাদের সমাজে মাদকাসক্তি বিস্তারের সবচেয়ে গুরুত্বপূর্ণ কারণ হলো ধর্মীয় মূল্যবোধের অভাব। একজন রক্তমাংসে গড়া মানুষকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে তোলার জন্য তার মধ্যে যে গুনের প্রয়োজন মানুষের আপেক্ষিক জ্ঞান দিয়ে তার কোন সর্বজনীন মানদন্ড স্থির করা সম্ভব নয় বলেই মানুষ ধর্মকে পথনির্দেশক হিসেবে গ্রহণ করে। ধর্ম মানুষকে আলোকিত করে, জীবনের অন্তর্নিহিত সত্যকে উপলব্ধি করার ক্ষেত্র তৈরি করে। কিন্তু তথাকথিত আধুনিকতার নামে অনেকেই ধর্মকে তাদের জীবনে যথাযথ মর্যাদা দিতে চাননা। ইসলাম ধর্ম মানুষকে মাদকাসক্তির পথ থেকে বিরত থাকার শিক্ষা দেয়। মানবতার ধর্ম ইসলাম মাদকাসক্তির ব্যাপারে অত্যন্ত কঠোরতা আরোপ করেছে। এতদসত্ত্বেও আমরা যারা নিজেদেরকে মুসলিম হিসেবে পরিচয় দিতে কুণ্ঠাবোধ করি না তাদের কতজন এ ধর্মীয় অনুশাসন পালনে সচেষ্ট। যদি কোন ব্যক্তির মধ্যে ন্যূনতম ধর্মীয় মূল্যবোধটুকু বিদ্যমান থাকে তাহলে সে মাদকাসক্ত হওয়ার প্রশ্নই ওঠেনা।

**২। পারিবারিক কলহ ও বিশৃঙ্খলা :**

অনেক সমাজবিজ্ঞানী অভিমত ব্যক্ত করেছেন যে মাদকাসক্তির জন্য পরিবার অনেকাংশে দায়ী । কেননা পরিবারই একজন ব্যক্তির প্রথম শিক্ষালয় এবং সমাজিকীকরণ নিশ্চিত করতে পারে। পরিবারই একজন মানুষের শৈশব, কৈশোর এমনকি যৌবনের উপর সবচেয়ে প্রভাব বিস্তারকারী সামাজিক প্রতিষ্ঠান। পরিবারের সদস্যদের মধ্যে সৌহার্দ্যের অভাব, পারিবারিক কলহ, অনৈতিকতার চর্চা, জীবনে উদ্দেশ্যহীনতা, সদস্যদের প্রতি সঠিক (পারিবারিক) দিক-নির্দেশনার অভাব, ইত্যাদির ফলে পরিবারের তরুণ সদস্যদের পক্ষেসুষ্ঠু ও স্বাভাবিকভাবে বিকশিত হওয়া প্রায় অসম্ভব হয়ে পড়ে। তখন সে ক্রমশ ঘরের পরিবর্তে মাদকদ্রব্যে নিজের প্রশান্তি খুঁজে (মুহাম্মদ ইমদাদুল হক, ১৯৯২,৩৮)। পরিবারে পিতা-মাতা বা অন্যান্য সদস্যদের মধ্যে একটা সু-সম্পর্ক বিদ্যমান না থাকলে এবং তাদের মধ্যে ঝগড়া-বিবাদ লেগে থাকলে পরিবারের পারস্পরিক বন্ধন দুর্বল হয়ে পড়ে এবং এর প্রতিক্রিয়ায় ছেলে-মেয়েরা অনাত্মীয়দের সাথে হৃদ্যতা গড়ে তুলতে সচেষ্ট হয়। অর্থাৎ দাম্পত্য জীবনে কলহ ও পারিবারিক বিশৃঙ্খলার কারণে সন্তান মানসিক দ্বন্দ্বে ভোগে। ফলশ্রুতিতে তারা মাদকাসক্তদের খপ্পড়ে পড়ে। মাদকাসক্তি নিরাময়ের ক্ষেত্রে পরিবার অবশ্যই একটা শক্তিশালী উপাদান। তবে একথা অস্বীকার করার কোন সুযোগ নেই যে, পারিবারিক জীবনে বাবা-মায়ের দ্বন্দ্ব-কলহ, অবিশ্বাস-সন্দেহ, অশান্তিপূর্ণ পারিবারিক পরিবেশ, ডিভোর্স, সেপারেশন, বহুবিবাহ অথবা বাবা-মায়ের মাদকাসক্তি শিশু-কিশোর ও তরুণদেরকে আশঙ্কাজনক হারে মাদকাসক্তির দিকে ঠেলে দিচ্ছে। পরিবারে অপসংস্কৃতি চর্চা, অভিভাবকদের উচ্ছৃঙ্খল জীবন-যাপন, উদাসীনতা বা অবহেলা, অতিশাসন কিংবা অতি আদরের ফলেও সন্তানরা মাদকাসক্ত হতে পারে

**৩। বন্ধুবান্ধবের প্রভাব :**

ব্যক্তির নিজস্ব বৈশিষ্ট্যের চেয়ে যে সব সঙ্গী-সাথীর সাথে সে মেলামেশা ও বসবাস করে তাদের প্রভাবই তাকে মাদকাসক্তির প্রতি বেশি আকৃষ্ট করে। তবে কোন ব্যক্তি হঠাৎ করেই আসক্ত হয়ে পড়ে না, বরং বন্ধু-বান্ধবের চাপে ধীরে ধীরে মাদকদ্রব্য ব্যবহারে তার মনোভাব, বিশ্বাসবোধ, দৃষ্টিভঙ্গি প্রভৃতিতে পরিবর্তন আসে এবং এক পর্যায়ে মাদকদ্রব্যকে নিজের জীবনের জন্য অপরিহার্য বিবেচনা করে। এক সমীক্ষালব্ধ প্রতিবেদনে বলা হয়েছে : People do not fall victim to drug addiction suddenly or inexplicably,They are actively involved in the use of

drug, and their attitude, beliefs, intentions and expectations play a vital role in this involvement with drugs. মানুষ হঠাৎ করে কিংবা আকস্মিকভাবে মাদকে আসক্ত হয়ে পড়ে না। মাদক ব্যবহারে সক্রিয়ভাবে জড়িত তাদের দৃষ্টিভঙ্গি, বিশ্বাস, ইচ্ছা এবং আকাঙ্খা। মাদকের সাথে সম্পৃক্ত হওয়ার ক্ষেত্রে এগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে (A Rahman, 1991,119)

**৪। বেকারত্ব :**

অনেকে জীবন যুদ্ধে ব্যর্থতার ফলে, লেখাপড়া করেও ভালো একটা চাকুরি লাভ করতে না পেরে অথবা কর্মসংস্থান না পেয়ে মাদকদ্রব্যের মাঝেই মুক্তি খোঁজে। এক গবেষণায় ক্রমবর্ধমান মাদকাসক্তির জন্য বেকারত্বকে দায়ী করে বলা হয়েছে- There is a clear link between illegal drug use and unemployment. Many possible explanations for this exist, but the most parsimonious conclusion is that high unemployment serves to foster drug use. অবৈধ মাদক ব্যবহার এবং বেকারত্বের মধ্যে একটি স্পষ্ট যোগসূত্র রয়েছে। এর সম্ভাব্য অনেক ব্যাখ্যা রয়েছে, তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা হলো, অধিক বেকারত্বই মাদকের ব্যবহারকে ত্বরান্বিত করছে (Heller,1987,1)।

**৫। সামাজিক অনুষঙ্গ :**

কতিপয় সামাজিক, সাংস্কৃতিক ও নৃতাত্ত্বিক পরিপ্রেক্ষিত মাদকাসক্তি সমস্যাকে ক্রমশ জটিল ও ভয়াবহ করে তুলেছে। বিশ্বস্বাস্থ্য সংস্থার পৃষ্ঠপোষকতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মনোরোগ বিভাগের পরিচালনায় সমাপ্ত মাদকাসক্তি সম্পর্কিত একটি জরীপ প্রতিবেদনের ভূমিকায় বলা হয়েছে : On post liberation social upheaval, change of value system, personal and community frustration, economic crisis all seem to be acuting as personal and social strains which are alleged to lead to the development of the habit of drug abuse depending on one's personal and social coping capability. স্বাধীনতা পরবর্তী সময়ে সামাজিক অস্থিতিশীলতা, মুল্যবোধের পরিবর্তন, ব্যক্তি ও গোষ্ঠীগত হতাশা, অর্থনৈতিক মন্দা- এসব কিছুই ব্যক্তিগত ও সামাজিক চাপে তীব্র হচ্ছে বলে মনে হয়, যা কারো ব্যক্তিগত ও সামাজিক সক্ষমতার সাথে খাপ খাওয়ানোর ওপর ভিত্তি করে মাদক অপব্যবহারের অভ্যাসকে জোরদার করছে (IPGMR 1991, 10)।

**বর্তমান প্রেক্ষাপটে মাদকাসক্তি প্রতিরোধে আমাদের করণীয়**

**ক. ব্যক্তিগত উদ্যোগে আমাদের করণীয় হলো-**

১. ধর্মীয় ও আধ্যাত্মিক মুল্যবোধের অনুসারী হওয়া- যা আজ ইউরোপ ও আমেরিকার শ্লোগান-Back to the Religion ;

২. নিজের ইচ্ছাশক্তিকে হাতিয়ার হিসেবে ব্যবহার করে নিজ উদ্যোগ নিজেকে রক্ষা করা।

৩. অসৎ সঙ্গ ত্যাগ করা ও জীবনবোধ জাগ্রত করা

**খ. পিতা-মাতার করণীয়**

১. সন্তানের পরিচর্যা, লালন-পালনও চরিত্র গঠনে ইসলামী অনুশাসন মেনে চলা;

২. নৈতিক ও ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক করা যাতে সন্তানেরা ভালো-মন্দ, ন্যায়-অন্যায়, উচিৎ-অনুচিৎ এবং করনীয়-বর্জনীয় প্রভৃতির মধ্যে পার্থক্য করতে পারে।

৩. সন্তানকে স্নেহ-ভালোবাসায় সিক্ত রাখা; ভালো কাজে উৎসাহ দান; সবার সামনে সমালোচনা, অপমান বা তিরস্কার না করা, তাদের দায়িত্বশীল করতে সামাজিক ও ধর্মীয় আচরণগুলো তুলে ধরা, তাদের দায়িত্বশীল করতে সামাজিক ও ধর্মীয় রীতি-নীতি পালনে অভ্যস্ত করা। শত ব্যস্ততার মধ্যেও সঙ্গ দেয়া, মাদকের ভয়াবহতা ও পরিণতি সম্পর্কে ধারণা দেয়া। প্রয়োজনের অতিরিক্ত টাকা-পয়সা, প্রযুক্তি বা অসৎ চরিত্রের সহায়ক উপায়-উপকরণ প্রদান হিকমতের সাথে নিয়ন্ত্রণ করা।

**গ. পরিবারের করণীয়**

১. পরিবারে ধর্মীয় অনুশাসন পালন বাধ্যতামূলক করা। অন্যায়-পাপাচার, কাম-ক্রোধ মোহ ও যাবতীয় লোভ-লালসা যাতে তাদের মনোবৃত্তিকে দুর্বল করতে না পারে সে ক্ষেত্রে সজাগ থাকা।

২. পারিবারিকভাবে তরুন–তরণীদের দৃষ্টিভঙ্গি ও মুল্যবোধে পরিবর্তন আনতে হবে। তাদের বুঝাতে হবে যে, পাশ্চাত্যের বস্তুবাদী ও ভোগবাদী সমাজ ও পরিবার মানবতার জন্য আদর্শ ও অনুসরণীয় হতে পারে না

৩. পারিবারিকভাবে তরুণ-তরুণীদের অবাধে হালের ফ্যাশন ইয়াবা ও সীসার নেশায় মত্ত হয়ে অবাধ মেলামেশা এবং বিবাহ বহির্ভূত অবৈধ সম্পর্ক থেকে বিরত রাখতে হবে । পরিবারে সুস্থ সংস্কৃতির চর্চা করতে হবে।

মাদকদ্রব্যের ভয়ংকর ও বিধ্বংসী আক্রমণ থেকে দেশ ও জাতিকে মুক্তকরে সমৃদ্ধশালী রাষ্ট্র গড়ার লক্ষ্যে জনগণ, সরকার ও বেসরকারী সংস্থাসমূহের করণীয় হচ্ছে :

১। শিশুকাল থেকেই ছেলে-মেয়েদের মধ্যে ধর্মীয় অনুভূতি জাগিয়ে তুলতে হবে; যাতে ইসলামের বিধিবিধানসমূহ পালনে আগ্রহী হয়। মহান আল্লাহ তায়ালার প্রতি অগাধ ভালবাসা তৈরী করতে হবে; যাতে আল্লাহর প্রতিটি নির্দেশ পালন করতে অভ্যস্ত হয়ে উঠে। মাদকের ইহকালীন ক্ষতি ও পরকালীন শাস্তির কথা স্মরণ করিয়ে নৈতিক ও চারিত্রিক শক্তি বৃদ্ধি করতে হবে। এ ক্ষেত্রে পিতা-মাতা, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, মসজিদের ইমামসাহেব, সামাজিক নেতৃবৃন্দ ও সমাজ কর্মীরা বলিষ্ঠ ভূমিকা রাখতে পারেন।

২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের পাঠ্যসূচীতে মাদকাসক্তির ক্ষতিকর দিক সম্পর্কে প্রবন্ধ, ফিচার, গল্প ইত্যাদি অন্তর্ভুক্ত করতে হবে বর্তমানে পাঠ্যসূচীতে যতটুকু বিদ্যমান আছে তা খুবই সামান্য। মাদক সংক্রান্ত বিষয়সমূহ আরো বিস্তারিত আকারে অন্তর্ভূক্ত করতে হবে।

৩। মাদকদ্রব্যের ভয়াবহ ক্ষতি যেমন, শারীরিক, পারিবারিক, অর্থনৈতিক ও ধর্মীয় ক্ষতির দিকগুলো তুলে ধরে সচেতনতা সৃষ্টি করতে হবে। বিশেষ করে মাধ্যমিক পর্যায়ে মাদকাসক্তির শারীরিক ক্ষতির দিকটি বুঝাতে হবে। কেননা প্রথম মাদক গ্রহণ কালে অনেকেই এ বিষয়ে সচেতন থাকে না। তাহলে সমাজের প্রতিটি মানুষ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ বেচা-কেনার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে উদ্যোগী হবে।

৪। মাদকাসক্তি প্রতিরোধ সংক্রান্ত সকল কর্মকান্ডে সরকারকে উদার হস্তে সহযোগিতা করতে হবে। যেমন, এ সংক্রান্ত বিষয়ে শিক্ষা ও গবেষণা, গণসচেতনতা সৃষ্টি, প্রদর্শনী প্রোগ্রাম, সেমিনার, আলোচনা সভা, ওয়ার্কশপ, মাদক বিরোধী অভিযান ইত্যাদিতে ব্যাপকভাবে সহযোগিতা করা।

৫। প্রচার মাধ্যমে মাদকাসক্তির কুফল আরো ব্যাপকভাবে প্রচার করা প্রয়োজন। এইডস, ডাইরিয়া

প্রতিরোধে ইত্যাদির মত এর বিরুদ্ধেও বিজ্ঞাপন ও গণসচেতনতা বৃদ্ধিকারক অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে যাতে এ ব্যাপারেও একটি ব্যাপক সচেতনতা ও গণপ্রতিরোধের পরিবেশ গড়ে উঠে। এছাড়াও মাদকমুক্ত পরিবার, সমাজ ও জাতি গঠনে শিক্ষক, ইমাম, আলিম-উলামা, কবি-সাহিত্যিক-লেখক, সাংবাদিক, রাজনীতিক ও সমাজ বিজ্ঞানীদের এগিয়ে আসতে হবে। সমাজের সকল শ্রেণী-পেশার মানুষ মিলে মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। ধর্মচর্চা, সামাজিক আন্দোলন, গণসচেতনতা ও সক্রিয় প্রতিরোধের মাধ্যমে মাদকাসক্তির মতো জঘন্য সামাজিক ব্যধির প্রতিকার করা সম্ভব।

**মাদকতা প্রতিরোধে কতিপয় প্রস্তাবনা**

বর্তমান সমাজে মাদকতার ব্যাপক প্রসার ঘটছে। দিনে দিনে তরুণ-তরুণী, ছাত্র-ছাত্রী সহ বিভিন্ন পেশা-শ্রেণীর মধ্যে মাদকাসক্তের হার যে ভাবে বৃদ্ধি পাচ্ছে, তাতে কয়েক বছর পর দেশে সুস্থ লোক পাওয়া দুষ্কর হবে। বর্তমানে কোন কোন সেচ্ছাসেবী সংগঠন এ বিষয়ে কিছুটা এগিয়ে আসলেও মাদক প্রতিরোধে সরকারকেই কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। রাজনৈতিক হানাহানি নয়; বরং সকলে ঐক্যবদ্ধভাবে মাদকতার বিরুদ্ধে কাজ করতে হবে। এখানে মাদকতা প্রতিরোধে কতিপয় প্রস্তাবনা ও দিকনির্দেশনা তুলে ধরা হ'ল :

মাদকাসক্তি প্রতিরোধের উপায় প্রধানত দু'টি। যথা- (১) নৈতিক ও ধর্মীয় (২) রাষ্ট্রীয় বা প্রশাসনিক।

**নৈতিক ও ধর্মীয় উপায়ে মাদকতা নিয়ন্ত্রণ ও প্রতিরোধের ব্যবস্থা :** ধর্মীয় অনুভূতি ও চেতনা সৃষ্টির মাধ্যমে মাদকতা নির্মূল করা সম্ভব। ইসলামী দল, সংস্থার দায়িত্বশীল, মসজিদের ইমাম ও খতীব, ইসলামী জালসা ও সেমিনারে আলোচকদের মাধ্যমে মাদকের দুনিয়াবী ক্ষতি ও পরিণতি এবং পরকালে এর শাস্তি ও ফলাফলের বিষয়টি তুলে ধরতে হবে। এক্ষেত্রে সরকারকে বেশী ভূমিকা পালন করতে হবে। এর জন্য জাতীয় বাজেটে উল্লেখযোগ্য বরাদ্দ রাখতে হবে। মনে রাখতে হবে ধর্মীয় অনুভূতি সৃষ্টি এবং বিশ্বাস ও আমলের সংশোধনের মাধ্যমে যে পরিবর্তন আনা যায়, সেটিই হ'ল সর্বোৎকৃষ্ট ও স্থায়ী সংশোধন।

**মানবিক মূল্যবোধ সৃষ্টির মাধ্যমে প্রতিরোধের ব্যবস্থা :** আজকাল রেডিও, টেলিভিশন, পত্র-পত্রিকাতে ও বিভিন্ন অনুষ্ঠানে মাদকের বিরুদ্ধে যে প্রচার চালানো হচ্ছে তা যথেষ্ট নয়; বরং যারা মাদক সেবন, মাদক পাচার ও ব্যবসার সাথে জড়িত, তাদের তালিকা ও চিত্র তুলে ধরা এবং তাদের থেকে সাধারণ মানুষকে সাবধান করা জরুরী। এছাড়া পিতা-মাতা ও মুরুব্বীরা ছেলে-মেয়েদের কাছে মাদকতার অপকারিতা তুলে ধরতে পারেন। কোন ছেলে এই ভয়াল নেশায় জড়িয়ে পড়লে সমাজের সচেতন সকলের এগিয়ে যাওয়া উচিত এবং তাকে ঐ নেশা থেকে ফিরিয়ে আনার ব্যবস্থা করা ও কর্তব্য।

**রাষ্ট্রীয় বা প্রশাসনিক প্রতিরোধ :** কোন দেশের প্রশাসন যদি দুর্বল হয়ে পড়ে, তাহ'লে প্রশাসনের সামনে অপরাধ কর্মকান্ড হওয়াই স্বাভাবিক। কারণ অপরাধীরা যখন দেখবে যে, অপরাধ করলে এর কোন প্রতিকার বা শাস্তি হয় না। অথবা বড় জোর থানা পর্যন্ত গেলে কারো ফোনের মাধ্যমে ছাড়া পাওয়া যায়। অথবা কোর্টে গেলে সহজে যামিনে বের হওয়া যায় ও কিছুদিন পর খালাসও পাওয়া যায়। তখন তারা আরো বেপরোয়া হবে। এ জন্য মাদক প্রতিরোধে প্রশাসনকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। মাদকতা বন্ধে কতিপয় প্রস্তাবনা।-

১. মাদকদ্রব্য উৎপাদন ও সরবরাহের লাইসেন্স বন্ধ করতে হবে।

২. পুলিশ প্রশাসনকে দুর্নীতি মুক্ত থেকে নিরপেক্ষ ভাবে কাজ করার সুযোগ দিতে হবে।

৩. মাদকদ্রব্য প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পৃথক অধিদফতর গঠন করে সংশ্লিষ্টদেরকে স্বাধীনভাবে কাজ

করতে দিতে হবে।

৪. এর সাথে সম্পৃক্ত মন্ত্রী, এমপি, আমলা, সংশ্লিষ্ট প্রশাসনিক কর্মকর্তাদের ও রাজনৈতিক নেতাদের পদ থেকে অপসারণ করতে হবে। পক্ষান্তরে সৎ ও ন্যায়পরায়ণ দেরকে মূল্যায়ন ও পুরস্কৃত করতে হবে।

৫. মাদকাসক্ত ব্যক্তি ও মাদকের সাথে জড়িতদের প্রকাশ্যে দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। এ জন্য কঠোর আইন যেমন মৃত্যুদন্ডের ব্যবস্থা রাখতে হবে। যেরূপ চীন, ইরান, সঊদী আরব প্রভৃতি দেশে এর জন্য কঠোর আইন রয়েছে। বিশেষ করে মাদক চোরাচালানীদেরকে এ আইনের আওতায় অবশ্যই আনতে হবে।

৬. টেলিভিশন, সিনেমা, পত্র-পত্রিকায় মাদকতার দৃশ্য, অশ্লীল ছবিসহ সকল অপসংস্কৃতি বন্ধ করতে হবে। এর বিপরীতে মাদকাসক্তি থেকে নিরাময়ের উপায় এবং এর ক্ষতিকর দিকগুলো বেশী বেশী তুলে ধরতে হবে।

৭. সামাজিকভাবে মাদকতার ভয়াবহতাকে রুখে দাঁড়ানোর জন্য সম্মিলিত প্রতিরোধ কমিটি গঠন করতে পারলে এ সামাজিক ক্যান্সার নিমিষে দূর করা সম্ভব। এই কমিটি দল, মত, ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের সমন্বয়ে হ'তে পারে। এদের কাজ হবে সমাজ ও গ্রামের মাদকাসক্তদেরকে বুঝানো। সামাজিক চাপ সৃষ্টি ও ধর্মীয় অনুভূতি জাগ্রত করা। মাদকাসক্তদের চিকিৎসা দেয়া এবং পুনর্বাসন ও কর্মসংস্থানের ব্যবস্থা করা।

## উপসংহার

মাদকাসক্তির ক্রমবিস্তার তারুণ্য, মেধা, বিবেক-বুদ্ধি, মনুষ্যত্ব, দৈহিক ও মানসিক শক্তি সবকিছু ধ্বংস করে দিচ্ছে। বিনষ্ট করে দিচ্ছে প্রেম-প্রীতি, স্নেহ-মায়া-মমতা, ভালোবাসা ও পারিবারিক বন্ধন। বিঘ্নিত হচ্ছে সামাজিক ও রাষ্ট্রীয় নিরাপত্তা এবং অর্থনৈতিক উন্নয়ন। ইসলাম মানুষকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য মাদকদ্রব্যের ব্যবহার চিরতরে হারাম ঘোষণা করে ইহকালীন ও পরকালীন শাস্তির বিধান প্রবর্তন করেছে। ইসলামে সর্বাধিক গুরুত্বারোপ করা হয়েছে অপরাধ সংঘটিত হওয়ার পূর্বে তা সংঘটিত হতে না দেয়ার উপর। এক্ষেত্রে ইসলাম যে সকল পদক্ষেপ গ্রহণ করেছে, তন্মধ্যে শিক্ষা-প্রশিক্ষণের মাধ্যমে উন্নত চরিত্র গঠন কর্মসূচি মুখ্য। যদি কোন ব্যক্তির মধ্যে ন্যূনতম ধর্মীয় মূল্যবোধটুকু বিদ্যমান থাকে তাহলে সে মাদকাসক্ত হতে পারে না। তাই ধর্মীয় মূল্যবোধ সৃষ্টি, জাতীয় ভিত্তিতে সুনির্দিষ্ট নীতি ও পরিকল্পনা প্রণয়ন, ব্যাপক ভিত্তিক প্রচারণা এবং সমন্বিত উদ্যোগ ও সামাজিক প্রতিরোধ কর্মসূচির মাধ্যমে মাদকাসক্তি প্রতিরোধ করতে হবে। না হলে আমাদের অচিরেই একটি অকর্মন্য জাতিতে পরিণত হওয়ার আশংকা রয়েছে।

## গ্রন্থপঞ্জি :


- আল-কুরআনুল কারীম।
- আল-কুশাইরি, মুসলিম ইবনুল হাজ্জাজ, আস-সহীহ, (দারু ইবন হাযম, বৈরুত, ২য় সংস্করণ, ১৯৯৮ খ্রি.)
- আব্দুল মতিন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-১৯৯০, ঢাকা মৃদুল প্রকাশনী ১৯৯৫ খ্রি.
- ইবনু মানজূর, লিসানুল-আরব, (বৈরুত : দারু ইহইয়াহ আততুরাছ আল-আরাবী, দ্বিতীয় সংস্করণ,) ১৯৯৭ খ্রি.
- ইমাম ইবন মাজাহ, আস-সুনান (দেওবন্দ, আল মাকতাবায়ে আশরাফি সাহারানপুর,ভারত তা.বি)
- ইমাম আহমদ ইবনু হাম্বল, আল মুসনাদ, (বৈরুত : দারুল মা'আরিফ, ১৪০৯ খ্রি.)

- এ.কে. এম মনিরুজ্জামান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, (ঢাকা : খোশরোজ কিতাব মহল )১৯৯৯ খ্রি.
- এ.কে নাজিবুল হক, মন ও মনোবিজ্ঞান, (ঢাকা : খোশরোজ কিতাব মহল) ১৯৮৯ খ্রি.
- ড. মুহাম্মদ এনামুল হক, ব্যবহারিক বাংলা অভিধান, (ঢাকা : বাংলা একাডেমী) ২০০০ খ্রি.
- ড.রুহী বা'লাবাক্কী, আল মাওরিদ (আরবী-ইংরেজি অভিধান, বৈরুত : দারুল ইলম লিল-মালাইন, প্রথম সংস্করণ) ১৯৮৮ খ্রি.
- ড. মুহাম্মদ রুহুল আমীন ও মোহাম্মদ আবু জাফর খান, বাংলাদেশের প্রেক্ষাপটে মাদকদ্রব্য ও মাদকাসক্তি সমস্যা ইসলামী দৃষ্টিভঙ্গি (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন, প্রথম প্রকাশ:) মে ২০০৪ খ্রি.
- ড. ওয়াহবা আয-যুহায়লী, আল-ফিকহুল ইসলামী ওয়া আদিয়াল্লাতুহু, (দামিশক : দারুল ফিকরিল -মুআসির,) ২০০৬ খ্রি.
- মাওলানা আবুল ফযল আব্দুল হাফিজ, আল-মুনজিদ (আরবী-উর্দু) (দিল্লী : ইদারা তাবলীগে দ্বীনিয়াত, জামে মসজিদ, ১৩৭৯ হি.)
- মুহাম্মদ আলাউদ্দীন আল-আযহারী, আরবী-বাংলা অভিধান, (ঢাকা : বাংলা একাডেমী, প্রথম প্রকাশ মার্চ,) ১৯৭২ খ্রি.
- মুহাম্মদ আলাউদ্দীন আল-আযহারী, আরবী-বাংলা অভিধান, (ঢাকা : বাংলা একাডেমী, প্রথমসংস্করণ জুন,) ১৯৯৪ খ্রি.
- মুহাম্মদ ইবনু ইসমাঈল, আল জামি আস সহীহ আল বুখারী, (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন, বাংলা সংকলন), ২০১২ খ্রি.
- মুহাম্মদ ইবনু ঈসা, আত-তিরমিযী, আল জামি (রিয়াদ : দারুস সালাম), ২০০৮ খ্রি.
- মুহাম্মদ গোলাম মোস্তফা, (সম্পা), কল্যাণ সমাজ গঠনে মহানবী (স.) (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ) ২০০৫ খ্রি.
- মুহাম্মদ আবদুর রহীম, অপরাধ প্রতিরোধ ইসলাম, (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ৩য় সংস্করণ : মে, ২০০৭ খ্রি.
- মুহাম্মদ ইমদাদুল হক, মাদকাসক্তি সমস্যার জাতীয় ও আন্তর্জাতিক পরিপ্রেক্ষিত : একটি সামাজিক বিশ্লেষণ ১৯৯২, খ্রি.
- সুকুমার সাহা, মাদকদ্রব্য, সমাজ ও আইন, (ঢাকা : বাংলা একাডেমী,) ১৯৯১ খ্রি.
- আবু দাউদ সুলাইমান ইবনু আল আশ-আস, আসসুনান, (দেওবন্দ, আল মাকতাবাতুল আল-আশরাফি সাহারানপুর, ভারত তা.বি)
- A Rahman, Drug Addiction-A Pilot Study in Dhaka City 1991
- Bengali-English Dictionary, (Dhaka : Bangla Academy) 2000
- Heller,T.G Drug use and Misuse. (NewYork : John Wiley and sons Ltd. 1987,)
- Department of Narcotics Control and United Nations International Drug Control Programme (UNDCP); Training package on Treatment and Rehabilitation of Drug Addicts.
- (IPGMR Dept. of Psychiatry.1991, Report on the Study of Drug Abuse Among the Students in Dhaka City : Prevalance and Related Factors, Dhaka.10)

LEADING UNIVERSITY

# LEADING UNIVERSITY

***Journal of Business, Society and Science (JBSS)***

**Guidelines for Submission of Article**

1. The article(s) should be original and research based and are accepted for review with the understanding that the same work has neither been submitted nor published elsewhere.
2. Regarding the contents of the article(s), responsibility goes solely to the author(s). Editorial Board is not responsible for any thought and opinion or any complaint against the contents of the article(s). For any plagiarism, the author(s) will be held responsible.
3. Manuscripts should not exceed 6000 words excluding tables, figures, diagrams, graphs, references, etc.
4. Three copies of computer typed manuscripts having one inch (1) from all sides of A4 size paper should be submitted (font size 12, Times New Roman, double line space). Every manuscript should be accompanied by an abstract not exceeding 300 words and keywords of the article (maximum 5). In addition to the 3 (three) hard copies, article(s) should be e-mailed to journal@lus.ac.bd (PDF Format and doc or docx) to the editor.
5. Authors are allowed for joint publication/s.
6. Articles approved or rejected, shall not be sent back to author (s).
7. The title of the article(s) must be as short as possible.
8. The research article(s) should contain: title of the paper, author's name(s), affiliation, mailing addresses with e-mail, cell phone number, abstract and keywords.
9. American style of spelling should be followed.
10. All pages should be numbered at the bottom center.
11. References must be in APA style.

Contents


Technopreneurs' Perceptions towards Barriers on Technology-Based Small and *Medium Enterprises (SMEs) in Bangladesh* 1-20
**Dr. Mohammad Mizenur Rahaman, Dr. Mohammad Shahidul Hoque, Golam Morshed Shahriar Tanim**

Prophesy and Resolution for Modern Humanity in *Gitanjali* 21-33
**Jarin Tasnim Elahi**

An Anatomy of Section 13 and 14 of the Transfer of Property Act, 1882 Dissecting the Rule against Perpetuities 34-46
**Shariful Islam, Asraf Uddin**

Criminal Trial in Absentia in Bangladesh: A Comparative Study 47-61
**Musferat Mazrun Chowdhury,**
**Md. Abu Hanif, Md. Rabiul Islam**

Rohingya Settlements in Ukhia and Teknaf and its Impact on the Ecosystem 62-82
**Dr. Qazi Azizul Mowla, Sharif Tousif Hossain**

Spatial Analysis of Road Accidents Using GIS: A Case Study for Sylhet District, Bangladesh 83-92
**Jafor Ahmed Limon, Moynul Hoque, Sahanur Rahman**

Traditional Settlement and Dwelling Culture of Diasporic Manipuri Community in Bangladesh. 93-113
**Kawshik Saha, Md. Shawkat Jahan Choudhury**

ইসলামের আলোকে সংক্রামক ব্যাধি: একটি প্রায়োগিক বিশ্লেষণ 114-124
**Md. Ziaur Rahman**

মাদকাসক্তি প্রতিরোধে ইসলামের নির্দেশনা ও বর্তমান প্রেক্ষাপটে আমাদের করণীয় 125-142
**Fazly Ealahi Mamun**



ISSN : 2072 - 5701
VOLUME-08, Issue-01 | January 2021

Mailing Address : Ragibnagar, South Surma, Sylhet-3112, Bangladesh
PABX : 01313084499
E-mail : journal@lus.ac.bd; info@lus.ac.bd | Website : www.lus.ac.bd